# Bangladesh Bank
## Recruitment Test for Officer (Cash) – 2023
Total Marks: 100; Time: 60 Minutes; Examination Held On: 18.08.2023

### *Ratio*

***01.*** **দুটি সংখ্যার অনুপাত ৩ ঃ ৫। সংখ্যাদ্বয়ের সাথে ১০ যোগ করলে অনুপাত ৫ ঃ ৭ হয়। সংখ্যাদ্বয় কত?**

***S:*** ধরি, একটি সংখ্যা ৩$x$ এবং অপরটি ৫$x$

প্রশ্নমতে, $\frac{৩x + ১০}{৫x + ১০} = \frac{৫}{৭}$

$\Rightarrow$ ২৫$x$ + ৫০ = ২১$x$ + ৭০

$\Rightarrow$ ২৫$x$ – ২১$x$ = ৭০ – ৫০

$\Rightarrow$ ৪$x$ = ২০

$\therefore$ $x$ = ৫

অতএব, সংখ্যাদ্বয় যথাক্রমে = ৩ × ৫ = ১৫

এবং ৫ × ৫ = ২৫

### *Percentage*

***02.*** **একটি পণ্যের বিক্রয়মূল্য ১০% বাড়ানো হলো এবং বিক্রয় ৩০% কমে গেলো, প্রভাব কি হবে?**

***S:*** ধরি, পণ্যটির বিক্রয়মূল্য ১০ টাকা

এবং ১০ টাকায় বিক্রয়ের পরিমাণ ১০ একক।

$\therefore$ পূর্বমূল্য = ১০ × ১০ = ১০০ টাকা

এবং, মূল্য ১০% বৃদ্ধিতে বিক্রয় ৩০% কমে গেলে বর্তমান মূল্য হবে = (১১০% এর ১০ × ৭০% এর ১০) টাকা

$\therefore$ নতুন মূল্য = $\frac{১১০ \times ১০}{১০০} \times \frac{৭০ \times ১০}{১০০}$ = ৭৭ টাকা

$\therefore$ মূল্য হ্রাস পায় = ১০০ - ৭৭ = ২৩ টাকা

$\therefore$ প্রভাব = $\left(\frac{২৩}{১০০} \times ১০০\right)$ % = ২৩% বিক্রয় কমবে।

### *Equation*

***03.*** **একটি ট্রেন ১ম স্টেশনে $\frac{১}{৩}$ যাত্রী নামলো এবং ২৮০ জন উঠলো। ২য় স্টেশনে $\frac{১}{২}$ নামলো এবং ১২ জন উঠলো। বর্তমানে ২৪৮ যাত্রী থাকলে প্রথমে কত ছিলো?**

***S:*** ধরি, প্রথমে ট্রেনের যাত্রী ছিল $x$ জন।

$\therefore$ ১ম স্টেশন পর যাত্রীসংখ্যা হবে

$= x - \frac{x}{৩} + ২৮০ = \frac{৩x - x}{৩} + ২৮০ = \left(\frac{২x}{৩} + ২৮০\right)$ জন

আবার, ২য় স্টেশনে যাত্রী নামার পর যাত্রী হবে

$= \frac{\frac{২x}{৩} + ২৮০}{২} = \frac{২x}{৩ \times ২} + \frac{২৮০}{২} = \left(\frac{x}{৩} + ১৪০\right)$ জন

এবার, ১২ জন নতুন যাত্রী উঠার পর যাত্রী হবে

$= \frac{x}{৩} + ১৪০ + ১২ = \left(\frac{x}{৩} + ১৫২\right)$ জন

প্রশ্নমতে, $\frac{x}{৩}$ + ১৫২ = ২৪৮

$\Rightarrow$ $\frac{x}{৩}$ = ২৪৮ - ১৫২ = ৯৬

$\therefore$ $x$ = ৯৬ × ৩ = ২৮৮ জন

অর্থাৎ প্রথম যাত্রী ছিল ২৮৮ জন।

### *Discount*

***04.*** **একটি পণ্যের ক্রয়মূল্যের উপর (লিখিত মূল্য) ২০% বাড়ানো হলো। সকল ডিসকাউন্টের পরেও ৮% লাভ থাকলো, ডিসকাউন্ট কত?**

***S:*** ধরি, ডিসকাউন্ট ছিল $x$% এবং ক্রয়মূল্য ১০০ টাকা

কর ২০% বাড়ানো হলে এবং ৮% ডিসকাউন্ট দেয়া হলে

(১০০ - $x$) এর ১২০% = ১০৮

$\Rightarrow$ $\frac{(১০০ - x) \times ১২০}{১০০}$ = ১০৮

$\Rightarrow$ (১০০ - $x$) × ১২০ = ১০৮ × ১০০

$\Rightarrow$ ১০০ - $x$ = $\frac{১০৮ \times ১০০}{১২০}$ = ৯০

$\therefore$ $x$ = ১০০ - ৯০ = ১০%

অর্থাৎ ডিসকাউন্ট ছিল ১০%

### *Geometry* (Rectangle)

***05.*** **একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ২ গুণ। প্রস্থ ৫ মিটার বাড়ালে এবং দৈর্ঘ্য ৫ মিটার কমালে আয়তক্ষেত্র ৭৫ বৃদ্ধি পায়। দৈর্ঘ্য এবং প্রস্থ কত?**

***S:*** ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ $x$ মিটার

এবং দৈর্ঘ্য ২$x$ মিটার

অতএব, ক্ষেত্রফল = ২$x^2$ বর্গমিটার।

প্রশ্নমতে, ($x$ + ৫) (২$x$ – ৫) = ২$x^2$ + ৭৫

$\Rightarrow$ ২$x^2$ – ৫$x$ + ১০$x$ – ২৫ = ২$x^2$ + ৭৫

$\Rightarrow$ ৫$x$ = ৭৫ + ২৫ = ১০০

$\therefore$ $x = \frac{১০০}{৫}$ = ২০

অতএব, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = ২ × ২০ = ৪০ মিটার।

এবং প্রস্থ = ২০ মিটার।

***06.*** সাধারণ জ্ঞানঃ

a) দেশের সবচেয়ে বড় রাবার ড্যাম কোনটি? → চাঁপাইনবাবগঞ্জ।

b) পরীক্ষামূলকভাবে কবে মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত চালু হয়? → ২৭ জুলাই ২০২৩ সালে।

Test Magic Publication

www.exambd.net

c) প্রথম সংবাদ পাঠিকার নাম AI in Bangladesh → অপরাজিতা।

d) মেট্রোরেলের বিশেষ পুলিশ? → Mass Rapid Tranist Police.

e) স্বাধীনতা ইশতেহার কবে ঘোষণা করা হয়? → স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয় পল্টন ময়দানে ৩ মার্চ ১৯৭১ সালে এবং স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় মুজিবনগরে ১০ এপ্রিল ১৯৭১ সালে।

f) জাতীয় সংগীত কবে গ্রহণ করে? → ১৩ জানুয়ারি, ১৯৭২ সালে।

g) নির্বাচন কমিশন কোন অনুচ্ছেদে? → ১১৮ নং অনুচ্ছেদ।

h) রাষ্ট্রপতি কততম? → ২২তম।

i) সুখী দেশ ২০২৩? → ফিনল্যান্ড।

j) জাতীয় শোক দিবস? → ১৫ আগস্ট।

k) নজরুলের ছেলেবেলার নাম? → দুখু মিয়া।

l) ডেঙ্গু ভ্যাক্সিনের নাম? → ডেঙ্গু ভ্যাক্সিয়া।

m) বৈশ্বিক শান্তিতে শীর্ষ কোন দেশ? → আইসল্যান্ড।

n) সাক্ষরতার হার কত? → ৭৬.৪%

o) বর্তমানে ইউনেস্কোর সদস্য দেশ কতটি? → ১৯৪টি

***07.*** **বাংলা ফোকাসঃ তথ্য প্রযুক্তির ব্যবহার, সমস্যা ও সমাধান।**

***S:*** বর্তমান যুগ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ। সভ্যতার ক্রমবিকাশের ফলে বর্তমানে তথ্য প্রযুক্তি মানুষের জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসাবে কাজ করছে। যোগাযোগ প্রযুক্তির ব্যাপক উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির সাথে তা একীভূত হওয়ার ফলে এর প্রতি মানুষের নির্ভরতা বেড়েছে অনেকগুণ। পৃথিবীর উপরিভাগ কিংবা অভ্যন্তর, গভীর সমুদ্র থেকে দূর মহাকাশ সর্বত্রই আজ প্রযুক্তির ব্যবহার। ব্যক্তিগত কাজ থেকে শুরু করে শিক্ষা, চিকিৎসা, গবেষণা, যোগাযোগ সকল ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। বাংলাদেশও এক্ষেত্রে পিছিয়ে নেই। এদেশেও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তিঃ** তথ্য প্রযুক্তির সাথে যোগাযোগ মাধ্যমের রয়েছে নিবিড় সম্পর্ক। বর্তমানে তথ্য প্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তিকে একত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communication Technology-ICT) বলা হয়। কম্পিউটার বা অন্য কোন ইলেকট্রনিক যন্ত্রের মাধ্যমে তথ্যকে এক স্থান থেকে অন্যত্র নির্ভরযোগ্য ভাবে আদান-প্রদান করাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক ব্যবহার মানুষ ও তাদের কার্যক্রমকে বহুগুণে গতিশীল ও কার্যকর করে তুলেছে।

তথ্য প্রযুক্তি বলতে সাধারণত তথ্য রাখা এবং একে ব্যবহার করার প্রযুক্তিকেই বোঝানো হয়। তবে বর্তমানে তথ্য প্রযুক্তি আর এ ধারণার মধ্যে সীমাবদ্ধ নেই। নতুন নতুন সব প্রযুক্তির সাথে মিলেমিশে একাকার হয়ে তথ্য প্রযুক্তি এক অভিনব রূপ লাভ করেছে। এক্ষেত্রে যোগাযোগ প্রযুক্তির ভূমিকাই প্রধান। যোগাযোগ, টেলিযোগাযোগ, অডিও ভিডিও কম্পিউটিং, সম্প্রচারসহ আরো বহুবিধ প্রযুক্তি এর সাথে যুক্ত হয়েছে। ফলে তথ্য প্রযুক্তি বা আইটি এখন আইসিটি বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি হিসেবে আবির্ভূত হয়েছে।

ইন্টারনেট আবিষ্কার নিঃসন্দেহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রগতির ক্ষেত্রে একটি মাইলফলক। ইন্টারনেটের কল্যাণে এখন ঘরে বসেই বিশ্বকে পাওয়া যাচ্ছে হাতের মুঠোয়। প্রচলিত চিঠির বদলে এসেছে ই-মেইল এর ব্যবস্থা যার সাথে প্রয়োজনীয় ডকুমেন্টগুলো সংযুক্ত করে পাঠিয়ে দেয়া যাচ্ছে বিশ্বের যে কোনো স্থানে। ইন্টারনেটের কল্যাণে এখন টেক্সট, ভয়েস ও ভিডিও চ্যাটিং, ব্রডকাস্টিং, ভিওআইপি, অনলাইন অডিও-ভিডিও স্ট্রিমিং ইত্যাদি কাজগুলো করা সম্ভব হচ্ছে। অনলাইন রেডিও, অনলাইন টিভির মতো সেবাগুলোও প্রসার লাভ করেছে। বিভিন্ন প্রতিষ্ঠানের কোটি কোটি ওয়েবসাইট তথ্যের প্রাপ্যতাকে আরও সহজ করেছে।

টেলিফোনের মাধ্যমে শব্দকে ইলেক্ট্রনিক ডাটায় রূপান্তরিত করে নেটওয়ার্কের মাধ্যমে দূরবর্তী স্থানে প্রেরণ করা যায়। বর্তমানের টেলিযোগাযোগ ব্যবস্থার মাধ্যমে শুধু শব্দ নয় লেখা, গ্রাফিক্স, স্থিরচিত্র ও চলচ্চিত্র সবকিছুকেই ডিজিটাল ফরমেটে নিয়ে ইলেক্ট্রনিক ডাটায় রূপান্তর করে নেটওয়ার্কের মাধ্যমে দূরবর্তী স্থানে প্রেরণ করা যায়। মডেমের মাধ্যমে কম্পিউটাররের সাথে টেলিফোন লাইনের সংযোগ দিয়ে ইন্টারনেট ব্রাউজ করা যায়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির আরেক শক্তিশালী উদ্ভাবন হলো মোবাইল টেলিফোন। মুঠোয় ধরে রাখা এ ফোনের মাধ্যমে আজ বিশ্বের যেকোনো প্রান্তে কথা বলা যাচ্ছে। যে কোনো স্থানে এ ফোন বয়েও বেড়ানো যাচ্ছে। আধুনিক স্মার্টফোনগুলো আরও বেশি সুবিধা দিচ্ছে। হ্যান্ডসেটেই ইন্টারনেট ব্রাউজিং, সোশ্যাল নেটওয়ার্কিং সেবা গ্রহণ, মোবাইল ফোনের মাধ্যমে ছবি ও ভিডিও ধারণ করে তা ইন্টারনেটে প্রকাশ করা যাচ্ছে। এস এম এস বা ক্ষুদে বার্তার মাধ্যমে তাৎক্ষণিকভাবে বিশ্বের যেকোনো স্থানেই পাঠিয়ে দেয়া যাচ্ছে তথ্য। আর এমএমএস এর মাধ্যমে প্রেরণ করা যাচ্ছে মাল্টিমিডিয়া সম্বলিত তথ্য। শুধু তাই নয় জিপিএস বা গ্লোবাল পজিশনিং সিস্টেম এর সেবাও নেয়া যাচ্ছে মোবাইল ফোনে। স্মার্টফোনগুলো আজ চলছে অপারেটিং সিস্টেমে। হ্যান্ডসেটগুলোতে আরও বেশি ইন্টারনেটনির্ভর সুবিধা নিয়ে এসেছে চতুর্থ প্রজন্মের মোবাইল প্রযুক্তি যার সফল বাস্তবায়ন হলো WiMAX ( Worldwide Interoperability for Microwave Access) এবং 3GPP LTE (Long Term Evolution) স্ট্যান্ডার্ড।

এতসব প্রযুক্তির সম্মিলনে তথ্য প্রযুক্তি এবং যোগাযোগ প্রযুক্তি এসেছে সমকেন্দ্রিকতায়। এদের আর এখন আলাদা করে ভাববার কোনো অবকাশ নেই। তাই এখন এই দুই প্রযুক্তি মিলেমিশে একক একটি প্রযুক্তি হিসেবে আত্মপ্রকাশ করেছে। যাকে বলা হচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির এখন পর্যন্ত সর্বশেষ ধারাটি হলো ডিজিটাল প্রযুক্তি যার মূলে রয়েছে বাইনারি পদ্ধতি। তাই বর্তমান যুগকে ডিজিটাল যুগও বলা যায়। ফাইবার অপটিক ক্যাবল আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন নিয়ে এসেছে। চুলের মত সরু এ ক্যাবল দিয়ে বয়ে নেয়া যায় একসাথে অসংখ্য টেলিফোন কল, বিশাল পরিমাণ ডাটা এবং অনেক টেলিভিশন সংকেত। বিশ্বব্যাপি দ্রুত যোগাযোগের জন্য সমুদ্রের তলদেশ দিয়ে স্থাপিত হয়েছে ফাইবার অপটিক ক্যাবল। ফাইবার অপটিক ক্যাবল দিয়ে প্রেরিত সংকেতের গুণ ও মান উপগ্রহ দিয়ে প্রেরিত সংকেতের তুলনায় অনেক উন্নত।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদানঃ আধুনিক সভ্যতার ক্রমবিকাশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রভাব অপরিসীম। এই তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উল্লেখযোগ্য অবদান হলোঃ

১। অপচয় রোধ করে।
২। সময় সাশ্রয় হয়।
৩। তথ্যের প্রাপ্যতা সহজ হয়।
৪। তাৎক্ষণিক যোগাযোগ সম্ভব হয়। ফোন, ফ্যাক্স, ইন্টারনেট, ই-মেইল, এসএমএস, এমএমএস ইত্যাদি এর প্রকৃষ্ট উদাহরণ।
৫। প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট কর্মকাণ্ডের গতিকে ত্বরান্বিত করে।
৬। সর্বক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পায়।
৭। ব্যবসায়-বাণিজ্যে লাভজনক প্রক্রিয়া সৃষ্টি করা।
৮। ই-কমার্সের মাধ্যমে বিশ্বব্যাপী পণ্যের বাজার সৃষ্টি করা যায়।
৯। ঘরে বসেই ইন্টারনেটের মাধ্যমে পছন্দের এবং প্রয়োজনীয় জিনিসের অর্ডার দেয়া যায়।
১০। শিল্প প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তির ব্যবহার মনুষ্যশক্তির অপচয় কমায়।
১১। মানবসম্পদের উন্নয়ন ঘটায়।
১২। শিক্ষার্থীরা এখন ঘরে বসেই অনলাইনে বিশ্বের বিভিন্ন নামী-দামী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করতে পারছে।
১৩। ই-গভর্নেন্স চালুর মাধ্যমে সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের মধ্যে কাজের সমন্বয় ঘটানো যায়।
১৪। সিটিজেন চার্টারের মতো নাগরিক সুবিধাগুলো ঘরে বসেই পাওয়া যায়।
১৫। ঘরে বসেই বিদ্যুৎ, পানি, গ্যাস, ফোন বিলের মতো বিভিন্ন ইউটিলিটি বিলগুলো এখন মোবাইল ফোনেই দেয়া যায়।

তথ্য প্রযুক্তির এই যুগে ইন্টারনেট বা সামাজিক যোগাযোগের মাধ্যম নির্ভর অনেকেই ভুগছেন এক ধরনের অপরাধ সংগঠনের নিরাপত্তাহীনতায়। বিশেষ করে যেসব নারী ইন্টারনেট ব্যবহার করেন, তাদের অনেকেই এই সামাজিক যোগাযোগ মাধ্যমে নানাভাবে হয়রানি ও নির্যাতনের শিকার হচ্ছেন। এই শ্রেণি প্রতিনিয়তই কোন না কোনভাবে বাজে মন্তব্য, নির্যাতন এবং সাইবার বুলিংয়ের শিকার হচ্ছেন। নানা মাত্রায় সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো অপরাধ বাড়ছে। সম্প্রতি মার্কিন রিসার্চ ইনস্টিটিউট ডাটা অ্যান্ড সোসাইটির একটি প্রতিবেদন থেকে জানা যায়, প্রতি ১০ জন নারী ইন্টারনেট ব্যবহারকারীর একজন যৌন হয়রানির শিকার হন এবং পুরুষের ক্ষেত্রে ২০ জন ব্যবহারকারীর একজন। বর্তমানে কিশোর-কিশোরীদের মধ্যে ইন্টারনেটে আত্মপ্রদর্শনের প্রবণতা বেশ লক্ষণীয়। তাই অনেক সময় অসচেতনভাবেই ঘটে যায় নানা রকম আপত্তিকর সাইবার অপরাধ। আবার, ফেসবুক চ্যাট ও ভিডিও চ্যাট থেকে ছবি বা ভিডিও নিয়ে একটু পরিবর্তন করে সেই সব ছবি বা ভিডিও ইউটিউব বা বিভিন্ন সাইটে ছড়িয়ে দিচ্ছে অপরাধীরা। বিভিন্ন যোগাযোগ মাধ্যম বিশেষ করে ফেসবুক, টুইটার, ইউটিউবসহ বিভিন্ন যোগাযোগমাধ্যম ব্যবহার করে নানা অপরাধের ভিডিও আপলোড করে ছড়িয়ে দিচ্ছে পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে। ফলে গোপনীয়তা হ্রাস পাওয়ার সাথে সাথে বাড়ছে অপরাধ। এছাড়া ফেসবুক লাইভে নির্যাতন, নির্যাতিতার সাথে সেলফি, ধর্ষনের ভিডিও টুইটারে, লাইভে আত্মহত্যা, ধর্ষনের সম্প্রচার ইত্যাদির মতো মারাত্মক অপরাধ সংঘটিত হচ্ছে এই সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে।

***08.*** **English Focus: Banking sector for low income people in Bangladesh.**

***S:*** Jesse Jackson once said, 'capitalism without capital is just plain -ism - and we can't live off -ism'; similarly, financial sector is sustainable when it provides required services to all in the society and the economy. The policies must work to narrow, and finally close, the gap between those who have access to formal financial services and those who live on the margins. The underserved population must be included into the larger financial ecosystem. Underserved individuals, entrepreneurs, and MSME (micro, small and medium enterprise) owners benefit from financial inclusion; while banks, financial institutions and the government benefit from including the underserved into the formal financial sector.

Test Magic Publication

www.exambd.net

Financial inclusion improves income and increases savings enabling the previously underserved to invest in necessities, such as healthcare, education, food, growing their business, and managing financial risk. Digital inclusion, in particular, lowers the cost associated with sending and receiving payments such as subsidy payouts, or remittances, and paying recurring bills. Receiving social benefits through mobile phones saves recipients the commuting and waiting time. In other words, financial inclusion enhances economic empowerment, which in turn improves overall welfare while providing the building blocks for further growth.

Bringing entrepreneurs and their businesses into the formal financial sector is an important first step to building better-connected financial markets. It allows connecting with young entrepreneurs who need capital. Gaining access to financial services enables entrepreneurs and MSME owners to help invest capital and grow their businesses. This in turn empowers them to make better business decisions, which result in business expansion, job creation, and support economic prosperity.

Scale matters for the banks and financial institutions, and growing the business and the market means developing new and innovative products and services for the new segments of the financial economy. This is particularly true at present since technology is facilitating competition from new types of players who provide similar services and readily take advantage of the value of consumer data. Creating brand equity for new customer segments and reaching new, previously underserved customers helps create a valuable, enduring relationship.

Reducing the size of informal finance provides greater transparency in financial transactions by increasing security and regulatory oversight. Financial inclusion and account ownership can help reduce corruption, discourage tax evasion, and allow for more effective subsidy payouts. Reverting to digital payments for subsidy and pension payments instead of the traditional cash disbursement method cuts down administrative costs and improves efficiencies.

Over the past three years, financial inclusion has made great strides and delivered numerous benefits to all segments of society in Bangladesh. The Global Findex Report shows that 50 per cent of adults owned an account at a financial institution or through a mobile money provider in 2017. Financial institutions are the driving force in this inclusion story. In order to extend financial services to the un- and under-served populations, we need banks, policymakers, NGO-MFIs (non-governmental organizations and microfinance institutions), insurance companies, telcos and others to work together to eliminate obstacles and explore new solutions.

Financial inclusion, built on sustainable business models with mainstream financial service institutions, brings individuals and small businesses into an ecosystem where they can flourish and integrate into the broader formal economy. It is important to ensure that the works of industry, public sector, civil society, and other parties on financial inclusion are additive to one another, coherent and cohesive, and force multipliers. Only by working together can we make a difference and a lasting impact.

Technology is changing the cost equation in fostering financial inclusion and increasing the benefits for all parties involved. It is making more cost-effective for traditional financial institutions to reach previously untapped markets and allow new market entrants to better serve customers at every part of the economic pyramid. Financial institutions are digitizing the customer journey to create a seamless customer experience utilizing technology to increase customer reach, make access on-demand 24/7, and reduce transactional costs.

One particularly exciting improvement is modernizing the customer onboarding process. Regulators, in partnership with financial institutions, have introduced e-Know Your Customer (e-KYC) initiatives which have significantly increased the

Test Magic Publication

account ownership. Biometric information and digital NIDs (National Identity Cards) are being used to authenticate users and create credit histories, which in turn lowers default and fraud rates.

However, it is not enough for financial institutions to merely increase the number of underserved customers; they must also ensure that accounts are being used by the customers. One way to accomplish this is by developing innovative products focused on design and tailoring solutions to low-income consumer needs.

The four basic products -- payments, savings, credit, and insurance -- have undergone massive transformations over the past several years. The use of digital payments, meaning access through a mobile phone or the internet, is on the rise. The electronic mobile wallet, an application that enables P2P, P2B, G2P, P2G, and other transactions, is a good example of an innovative product utilizing digital payments. Electronic wallets allow remittances and bill payments to be conducted in a matter of minutes, saving low-income segments valuable time and money.

Financial institutions have been increasing financial service accessibility in rural areas. They are using agent networks to reach underserved rural populations. These systems -- wherein financial institutions designate authority and responsibility to third parties in order to offer services to typically low-income or remote customers -- have increased customer trust, financial capability, and use of products. They have also lowered the costs associated with providing services to these underserved segments of the market and reduced the costs to savers who make smaller deposits. The use of technology by agents and tailoring savings products to the needs of savings groups and low-income segments will further ensure the underserved are being incorporated into the formal economy.

Globally, financial institutions are using data from social media, mobile call data records, bill payment patterns, and psychometric testing to establish credit profiles and target previously invisible consumers. Advanced analytical techniques enable financial institutions to provide access to credit to clients, with historically low financial transaction data, who are otherwise excluded from the formal financial sector. Predictive analytics are being used to assist financial institutions in forecasting the credit needs of MSMEs and low-income consumers, helping previously unbanked customers grow their businesses.

***09.*** **Argumenta: Father and Mother should allocate equal time for food preparation at home.**

***S:*** We live in a modern era where equality is being promoted everywhere including in workplaces, society and even families. This is why food preparation should be a responsibility that is shared by both parents. To begin with, traditional roles of males and females are changing, and in some cases, have gone completely reversed. This is why the predefined responsibilities of mothers and fathers are a thing of the past. Traditionally, a mother takes charge of everyday activities of making food, whereas a father is responsible for providing the basics for the children as well as the family. With a shifting trend when engineering universities have more female graduates and males have paternal leaves, this is no longer applicable. Rather a father should share those daily activities, spend as much time as possible with the family, play with the children, read to them, take them out or even clean their diapers, make up food for family members, whereas capable females should share the financial responsibilities. Research proves that making food by both brings happiness into the family. The concept of "fatherhood" is not easy to achieve especially in countries where economic and employment situations are stressful. However, a little effort from both parents can ensure a shared responsibility and better family bonds in which we get the proper care.

In conclusion, parents in modern times should be ready to share their responsibilities for the greater benefit of the relationship and their family. This is why father and mother should give equal time for food preparation at home.

Test Magic Publication

# Bangladesh Bank

## Recruitment Test for Officer (Cash) – 2023

Total Marks: 100; Time: 60 Minutes; Examination Held On: 21.07.2023

***01.*** **জীবনানন্দ দাশ এর প্রথম কবিতা কোনটি?**

a) বর্ষা আবাহন b) ঝরাপালক
c) দেশবন্ধুর প্রয়াণে d) মহাপৃথিবী ***ans.* A**

***S:*** কবি জীবনানন্দের ৫৫ বছরের জীবনে ১৯১৯-এ 'ব্রহ্মবাসী' পত্রিকায় প্রকাশিত (বৈশাখ ১৩২৬) 'বর্ষা আবাহন' তাঁর রচিত প্রথম কবিতা। "দেশবন্ধুর প্রয়াণে" ও তার কবিতা। উল্লেখ্য, জীবনানন্দ দাশ রচিত কাব্যগ্রন্থগুলো হলোঃ 'ঝরাপালক' (১৯২৭), 'ধূসর পাণ্ডুলিপি, (১৯৩৬), 'বনলতা সেন' (১৯৪২), 'মহাপৃথিবী' (১৯৪৪), 'সাতটি তারার তিমির' (১৯৪৮), 'রূপসী বাংলা' (১৯৫৭), 'বেলা অবেলা কালবেলা' (১৯৬১)।

***02.*** **'য' এর উচ্চারণ স্থানগত অবস্থান কি?**

a) কণ্ঠ b) তালব্য
c) দন্তমূলীয় d) মূর্ধন্য ব্যঞ্জন ***ans.* B**

***S:*** নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

| উচ্চারণ স্থান | ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ | উচ্চারণস্থান অনুযায়ী নাম |
|---|---|---|
| জিহবামূল | ক খ গ ঘ ঙ | কণ্ঠ্য বা জিহবামূলীয় বর্ণ |
| অগ্রতালু | চ ছ জ ঝ শ য | তালব্য বর্ণ |
| পশ্চাৎ দন্তমূল | ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ় | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| অগ্র দন্তমূল | ত থ দ ধ ন ল স | দন্ত্য বর্ণ |
| ওষ্ঠ্য | প ফ ব ভ ম | ওষ্ঠ্য বর্ণ |

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণী)।

***03.*** **কোনটি নিলীন বর্ণ?**

a) অ b) ই
c) আ d) ও ***ans.* A**

***S:*** 'নিলীন' বর্ণ 'অ'। 'নি' অর্থ না এবং 'লীন' অর্থ লোপ পাওয়া বা হারিয়ে যাওয়া। অর্থাৎ 'নিলীন' অর্থ যা হারিয়ে যায় না। 'অ' কে নিলীন বর্ণ বলা হয়। কারণ এই বর্ণটি সকল ব্যঞ্জনের মধ্যেই অবস্থান করে, কখনই হারায় না। যেমনঃ ক = ক্ + অ; চ = চ্ + অ। 'ক, চ' এর ভিতর থেকে 'অ' কে বাদ দিলে সেটি আর উচ্চারণ করা যায় না তাই 'অ' নিলীন বর্ণ।

***04.*** **'এ' এর বিকৃত উচ্চারণ কোনটি?**

a) এ্যা b) অ্যা
c) এ d) এঁ ***ans.* B**

***05.*** **'ভবিষ্যৎ' শব্দটির উচ্চারণ কোনটি?**

a) ভোবিশ্‌শত্ b) ভবিশ্‌শতো
c) ভোবিষত d) ভোবিষ্‌শ্‌ত ***ans.* A**

***06.*** **নিচের কোনটি সমীভবন এর উদাহরণ?**

a) করতে > কত্তে b) লেবু > নেবু
c) শাক > শাগ d) বসু > বোসু ***ans.* A**

***S:*** শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন বা Assimilation. সমীভবনকে ব্যঞ্জনসঙ্গতিও বলা হয়। যেমনঃ জন্ম > জম্ম; কাঁদনা > কান্না; দুর্গা > দুগ্গা ইত্যাদি।

***07.*** **বাংলা একাডেমি কত সালে 'প্রমিত বানানের নিয়ম' প্রণয়ন করে?**

a) ১৯৯১ সালে b) ১৯৯২ সালে
c) ১৯৩৬ সালে d) ১৯৮৮ সালে ***ans.* B**

***S:*** বাংলা একাডেমি এই নিয়ম প্রণয়নে উদ্যোগী হয় ১৯৯২ সালের এপ্রিল মাসে। প্রথমে, এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার জন্য একাডেমি একটি বিশেষজ্ঞ-কমিটি গঠন করে। এই কমিটি বানান সম্বন্ধে একটি নীতিমালা প্রণয়ন করে একাডেমির কাছে পেশ করে। নভেম্বর, ১৯৯২ সালে একাডেমি তা 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' নামে ছাপিয়ে মতামত জরিপের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির কাছে পাঠায়। পরে, প্রাপ্ত যতাযত পরীক্ষা-নিরীক্ষা শেষে, একাডেমি নীতিমালাটি চূড়ান্ত করে এবং ১৯৯৪ সালের জানুয়ারি মাসে এর দ্বিতীয় সংস্করণ প্রকাশ করে। ২০০০ সালের নভেম্বর মাসে এর তৃতীয় সংস্করণ প্রণীত হয়।

***08.*** **নিচের কোনটি শুদ্ধ?**

a) পোস্ট b) স্টেশন
c) কর্ণেল d) বামুন ***ans.* Note**

***S:*** পোস্ট, স্টেশন ও বামুন শুদ্ধ শব্দ। উল্লেখ্য, কর্ণেল এর শুদ্ধ শব্দ কর্নেল।

***09.*** **নিচের কোনটি সঠিক?**

a) √গৈ + ক্তি = গীতি b) √গৈ + ক্তী = গীতি
c) √গৈ + ক্তি = গিতি d) গৈ + √ক্তি = গীতি ***ans.* A**

***S:*** কৃৎ-প্রত্যয় যোগে সংস্কৃত শব্দ গঠনের সময় নিপাতনে সিদ্ধ হয়ে কিছু শব্দ গঠিত হয়ঃ √গৈ + ক্তি = গীতি; √সিধ্ + ক্তি = সিদ্ধি, √বুধ্ + ক্তি = বুদ্ধি, √শক্ + ক্তি = শক্তি।
(সূত্রঃ বাংলা ভাষার ব্যাকরণ; নবম-দশম শ্রেণি; পৃষ্ঠা নং ৮৬)

***10.*** **রবীন্দ্রনাথ ঠাকুরের নিম্নোক্ত কোন তিনটি গল্পেই মুসলমান চরিত্র রয়েছে?**

a) মুকুট, ছুটি ও মুসলমানীর গল্প
b) কাবুলিওয়ালা, মুসলমানীর গল্প ও সমাপ্তি
c) ক্ষুধিত পাষাণ, মুকুট ও সুভা
d) সমস্যাপূরণ, মুকুট ও সুভা ***ans.* Note**

***S:*** এখানে,

| গল্প | মুসলিম চরিত্র |
|---|---|
| মুকুট | ঈশা খা |
| মুসলমানীর গল্প | হবির খা |
| কাবুলিওয়ালা | রহমত |
| ক্ষুধিত পাষাণ | মেহের আলি |
| সমস্যাপূরণ | অছিমদ্দি |

***11.*** **'এ ভরা বাদর, মাহ ভাদর শূন্য মন্দির মোর' কে লিখেছেন?**

a) চণ্ডীদাস b) বিদ্যাপতি
c) গোবিন্দ দাস d) বিবেকানন্দ ***ans.* B**

***S:*** 'এ ভরা বাদর মাহ ভাদর / শূন্য মন্দির মোর।' উক্তিটি লিখেছেন বিদ্যাপতি। তাঁর রচিত আরো কিছু বিখ্যাত উক্তি হলোঃ

| | | |
|---|---|---|
| এতদিন ছলপিয়া তোহ হম যেহে শীতল শীল কলাপে | নব বৃন্দাবন নব নব তরুগণ নব নব বিকশিত ফুল। | কি কহব রে সখি আনন্দ ওর চিরদিনে মাধব মন্দিরে মোর। |

Test Magic Publication

উল্লেখ্য, প্রাচীন কবি বিদ্যাপতির লেখা 'বর্ষণ মুখর দিনে বিরহের সুর নিহিত' এমন একটি কবিতা হলোঃ 'এ সখি হামারি দুঃখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর'।

**12.** **'গড্ডালিকা' ছোট গল্প কার রচিত?**
a) রাজশেখর বসু b) সুবেধ ঘোষ
c) প্রমথ চৌধুরী d) রবীন্দ্রনাথ ঠাকুর ***ans.* A**

*S:* রাজশেখর বসু বাংলা সাহিত্যে রসরচনার জন্য খ্যাতিমান ছিলেন। লেখক হিসেবে তিনি 'পরশুরাম' ছদ্মনাম ব্যবহার করতেন। ১৯২২ সালে এ ছদ্মনামে তাঁর 'শ্রীশ্রীসিদ্ধেশ্বরী লিমিটেড' ব্যঙ্গ রচনাটি প্রকাশিত হয়। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ: 'রম্য-রচনা গড্ডলিকা' (১৯২৪), 'কজ্জলী' (১৯২৭), 'হনুমানের স্বপ্ন' (১৯৩৭), 'গল্পকল্প' (১৯৫০); 'গল্প কৃষ্ণকলি' (১৯৫৩), 'আনন্দীবাঈ' (১৯৫৭); প্রবন্ধ 'লঘুগুরু' (১৯৩৯), 'ভারতের খনিজ' (১৯৪৩), 'কুটিরশিল্প' (১৯৪৩), 'বিচিন্তা' (১৯৫৫); অনুবাদ' মেঘদূত' (১৯৪৩), 'বাল্মীকি রামায়ণ' (১৯৪৬), 'মহাভারত' (১৯৪৯), 'হিতোপদেশের গল্প' (১৯৫০) ইত্যাদি। তাঁর চলন্তিকা (১৯৩৭) বাংলা ভাষায় বহুল প্রচলিত একখানি জনপ্রিয় অভিধান।

**13.** **অভিধানে কোন শব্দটি আগে বসবে?**
a) চাঁদা b) চানা
c) চালা d) চাঁটি ***ans.* D**

**14.** **নিচের কোন শব্দটি তুর্কি শব্দ?**
a) ফিতা b) পেয়ারা
c) কোর্মা d) শিশি ***ans.* C**

*S:* বন্দুক, বারুদ, উজবুক, কোর্মা, তুরুক, বেগম, সওগাত, তোপ, উর্দি ইত্যাদি তুর্কি শব্দ।

**15.** **উভয় পদের অর্থ প্রধান থাকে কোন সমাসে?**
a) অব্যয়ীভাব সমাস b) তৎপুরুষ সমাস
c) দ্বন্দ্ব সমাস d) বহুব্রীহি সমাস ***ans.* C**

*S:* যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ তাল ও তমাল = তাল-তমাল; দোয়াত ও কলম = দোয়াত-কলম।

**16.** **বাংলাদেশের প্রথম ছাপাখানা কোনটি?**
a) বার্তাবহ যন্ত্র b) বাংলা প্রেস
c) রংপুর বার্তা d) মিলন বার্তা প্রেস ***ans.* A**

*S:* বাংলাদেশের প্রথম ছাপাখানা 'বার্তাবহ যন্ত্র' রংপুরে ১৮৪৭ সালে প্রতিষ্ঠিত হয়। এরপর ১৮৬০ সালের মধ্যে ঢাকায় ঢাকা প্রেস ও বাংলা প্রেস নামে দু'টি ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য, বাংলা মুদ্রণ শিল্পের জনক হলেন চার্লস উইলকিন্স। তিনিই প্রথম ব্যক্তি যিনি সম্পূর্ণ বাংলা অক্ষর ঢালাই করে বাংলা মুদ্রণের যথার্থ অর্থে সূত্রপাত ঘটান।

**17.** **'যে অরণ্যে আলো নেই' নাটক এর নাট্যকার হলেন-**
a) সৈয়দ শামসুল হক b) আলাউদ্দিন আল আজাদ
c) মমতাজউদ্দিন আহমেদ d) নীলিমা ইব্রাহিম ***ans.* D**

*S:* যে অরণ্যে আলো নেই লিখেছেন নীলিমা ইব্রাহিম (এটি মুক্তিযুদ্ধভিত্তিক তাঁর রচিত একটি নাটক)।

**18.** **'জলে ফেলা' বাগধারাটির অর্থ কি?**
a) সুপাত্রে পড়া b) জলের নিত্য ব্যবহার
c) অপচয় করা d) বিপদে পড়া ***ans.* C**

**19.** **'সব বিষয়ে অল্প জ্ঞান যার' এক কথায় প্রকাশ-**
a) পল্লবগ্রাহী b) সমা
c) অজয়া d) স্মার্ত ***ans.* A**

**20.** **'তার দুই হাতেই আংটি' বাক্যে 'হাতেই' শব্দটি কি অর্থে ব্যবহার করা হয়েছে?**
a) দক্ষতা b) প্রাচুর্যতা
c) আঙ্গুল d) কর্তৃত্ব ***ans.* C**

**21.** **'রাজায় রাজায় যুদ্ধ হয়' বাক্যে <u>রাজায় রাজায়</u> কোন ধরনের কর্তৃকারক?**
a) প্রযোজ্য কর্তা b) ব্যতিহার কর্তা
c) সাধন কর্তা d) উক্ত কর্তা ***ans.* B**

*S:* কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমনঃ <u>বাঘে-মহিষে</u> এক ঘাটে জল খায়, <u>পণ্ডিতে পণ্ডিতে</u> লড়াই চলে।

**22.** **নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?**
a) এবার মাছ ধরা যাক b) তোমার বেড়ানো হলো
c) কোথা থেকে আসা হচ্ছে d) সবকটি ***ans.* D**

*S:* যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করতে হলেঃ কর্তায় প্রথমা বিভক্তি প্রযুক্ত হয় এবং ক্রিয়া কর্তার অনুসারী হয়। যেমনঃ

| | | | |
|---|---|---|---|
| ভাববাচ্য | তোমাকে হাঁটতে হবে | এবার একটি গান করা হোক | তার যেন আসা হয় |
| কর্তৃবাচ্য | তুমি হাঁটবে | এবার (তুমি) একটি গান কর | সে যেন আসে |

**23.** **নিচের কোন উপসর্গটি বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে পাওয়া যায়?**
a) নি b) কু
c) প্র d) সা ***ans.* A**

*S:* নি উপসর্গটি বাংলা ও তৎসম উভয় উপসর্গেই রয়েছে। 'আ, সু, বি, নি' এই চারটি বাংলা ও তৎসম উভয় উপসর্গেই রয়েছে।

**24.** **নিচের কোনটি ব্যতিক্রম?**
a) গীতাঞ্জলি b) গীতালি
c) গীতবিতান d) গীতিগুচ্ছ ***ans.* D**

*S:*

| | |
|---|---|
| গীতাঞ্জলি, গীতিমাল্য এবং গীতালি (কাব্যগ্রন্থ) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| গীতবিতান (গানের সংকলন) | রবীন্দ্রনাথ ঠাকুর |
| গীতিগুচ্ছ (কাব্যগ্রন্থ) | সুকান্ত ভট্টাচার্য |

**25.** **'সত্য মিথ্যা' অনুবাদ উপন্যাসের লেখক কে?**
a) আলাউদ্দিন আল আজাদ b) আবু রুশদ
c) আবুল মনসুর আহমদ d) আবুল ফজল ***ans.* C**

*S:* আবুল মনসুর আহমদ সবচেয়ে বেশি পরিচিত 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর' (১৯৬৯) নামের বইটির জন্য। কারণ বাংলা সাহিত্যে এই বইটি একটি অনন্য সাহিত্যকর্ম ও দলিল হিসেবে আছে। তাঁর রচিত তিনটি উপন্যাস 'সত্য মিথ্যা' (১৯৫৩), 'জীবনক্ষুধা' (১৯৫৫) এবং 'আবে হায়াতে' (১৯৬৮)। তৎকালীন সমাজের চিত্র

Test Magic Publication

www.exambd.net

অঙ্কন করার পাশাপাশি সেই সময়ের কুসংস্কারাচ্ছন্নতা এবং পশ্চাৎপদতার বিরুদ্ধেও জেগে ওঠার ডাক দিয়েছেন তিনি। পাশাপাশি প্রবন্ধ ও স্মৃতিকথায়ও তিনি ছিলেন অনন্য। 'পাক বাংলার কালচার' (১৯৬৬) যা বর্তমানে 'বাংলাদেশের কালচার' নাম হয়েছে। 'শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু' (১৯৭২), 'আত্মকথা' (১৯৭৮) এবং 'বেশি দামে কেনা কমদামে বেচা আমাদের স্বাধীনতা' (১৯৮২)। তাঁর ব্যঙ্গরচনাবলী হলোঃ 'আয়না' (১৯৩৬-১৯৩৭), 'ফুড কনফারেন্স' (১৯৪৪), 'গালিভারের সফরনামা' (১৯৫৯)। এ ছাড়াও তিনি ইংরেজিতে অনুবাদ করেছেন, 'আল কোরআনের নসিহত' (১৯৭৫)। শিশু-কিশোরোপযোগী গ্রন্থঃ 'ছোটদের কাসাসুল আম্বিয়া' (১৯৪৯), 'ম্যালমানী কথা' (১৯২৪), 'নয়া পড়া' (১৯৩৪) লিখেছেন তিনি।

***Grammar* (Number)**

**26. Which one is plural?**
a) Physics b) Ethics
c) Scissors d) News ***ans.* C**

*S:* Ethics, Physics, News এগুলো দেখতে Plural মনে হলেও সাধারণত এরা singular. এরকম আরোও Economics, Politics, Innings, Mathematics, Statistics ইত্যাদি।

***Parts of Speech***

**27. Which one is noun?**
a) nostalgic b) nostalgical
c) nostalgia d) nostalgica ***ans.* C**

*S:* Nostalgic – গৃহকাতর (Adjective).
Nostalgia – গৃহকাতরতা; অতীত বিধুরতা।

***Synonym***

**28. The term VIGOR is the same as-**
a) Warmth b) Courage
c) Boldness d) Strength ***ans.* D**

*S:* Vigor অর্থ বলিষ্ঠ; বলবান। Warmth – উষ্ণতা। Courage – সাহস; মনোবল। Boldness – সাহস। Strength – শক্তি; শক্তিমত্তা; তেজ।

***Synonym***

**29. Synonym of the word 'Prolific' is -**
a) Plenty b) Fertile
c) Conceptual d) Predominant ***ans.* B**

*S:* Prolific – ফলদায়ক/ উৎপাদনশীল। Fertile – উর্বর। তাই সঠিক উত্তর অপশন *b*). উল্লেখ্য, Plenty – প্রচুর। Conceptual – কল্পনিক। Predominant – প্রধান; প্রভাবশালী।

***Antonym***

**30. Antonym of the word FRINGE is-**
a) Center b) Proximity
c) Breadth d) Outlet ***ans.* A**

*S:* Fringe – প্রান্তঃকিনারা। Center – কেন্দ্র। Breadth – প্রশস্ততা। Proximity – নৈকট্য; সান্নিধ্য। Outlet – নির্গমন পথ।

***Antonym***

**31. Which of the following is the opposite of the word BONDAGE?**
a) liberty b) thralldom
c) enslavement d) serfdom ***ans.* A**

*S:* Bondage – বন্দীদশা; দাসত্বে আবদ্ধ অবস্থা; Enslavement – দাসত্ব; Serfdom – ভূমিদাস প্রথা; ভূমিদাসবৃত্তি; Liberty – স্বাধীনতা।

***Analogy***

**32. Which one of the following is the analogy of TROPHY : CONTESTANT?**
a) Baton : Runner b) Loan : Cashier
c) Honors : Student d) Pride : Parent ***ans.* C**

*S:* এখানে, Trophy অর্থ পুরস্কার; বিজয়স্মারক। আর Contestant অর্থ প্রতিযোগী। Honors অর্থ স্নাতক (সম্মান) আর Student অর্থ ছাত্র-ছাত্রী।
Contestant হলে যেমন Trophy পাওয়া যায়। আর Student হলে তেমন Honors পড়া যায়। উল্লেখ্য,
Baton অর্থ সোঁটা। Runner অর্থ যে ব্যক্তি বা জন্তু দৌড়ায়। Loan অর্থ ঋণ; ধার। Cashier অর্থ ক্যাশিয়ার। Pride অর্থ গর্ব; দর্প। Parent অর্থ বাবা বা মা।

***Analogy***

**33. Which of the following resembles LOGIC : REASONING?**
a) Ethics : Behavior
b) Sensitivity : Morality
c) Bravery : Charisma
d) Creativity : Enthusiasm ***ans.* A**

*S:* এখানে, Reasoning হলো তর্ক-বিতর্ক; তর্ক-বিতর্কের মাধ্যমে সিদ্ধান্তে আসা। Logic হলো যুক্তিবিদ্যা। আর Ethics হলো নীতিশাস্ত্র। Behavior হলো আচার-আচরণ।
Logic এর আলোচ্য বিষয় Reasoning. আর Ethics এর আলোচ্য বিষয় Behavior. উল্লেখ্য,
Sensitivity অর্থ সংবেদনশীলতা; সুবেদিতা। Morality অর্থ নৈতিকতা; ন্যাপরায়ণতা। Bravery অর্থ সাহস। Charisma অর্থ অনন্যসাধারণ প্রতিভা। Enthusiasm অর্থ উৎসাহ; উদ্যম।

***Analogy***

**34. Which one of the following is the analogy of BENCH : STOOL?**
a) Yardstick : Foot rule b) Table : Cupboard
c) Room : Veranda d) Cup : Saucer ***ans.* C**

*S:* এখানে, Bench অর্থ বেঞ্চ; লম্বা কাঠের আসন। Stool অর্থ বসার টুল। এবং Room অর্থ ঘর; কক্ষ; স্থান। Veranda অর্থ বারান্দা; অলিন্দ।
Bench এর চেয়ে ছোট Stool (বসার জন্য ছোট টুল)। আর Room এর চেয়ে ছোট Veranda. তাই সঠিক উত্তর অপশন *c*). উল্লেখ্য,

Test Magic Publication

Yardstick অর্থ মাপকাঠি; মানদণ্ড। Foot rule অর্থ এক ফুট মাপার কাঠি। Table অর্থ টেবিল; ছক; সারণী। Cupboard অর্থ বাসনপত্র রাখার আলমারি। Cup অর্থ কাপ; পেয়ালা। Saucer অর্থ পিরিচ। আর Cup এবং Saucer দুটি আলাদা জিনিস।

***Appropriate Preposition***

**35. Fill the gap in the sentence 'He died … his country' choosing right preposition.**

a) for b) of
c) on d) by ***ans.*** **A**

***S:***

| | |
|---|---|
| Die for | কোন কিছুর জন্য জীবন উৎসর্গ করা |
| Die of | রোগে মারা যাওয়া |
| Die by | দুর্ঘটনায় মারা যাওয়া |
| Die from | অতিরিক্ত খাদ্য গ্রহণ (over eating) এর জন্য মারা যাওয়া |

বাক্যের অর্থঃ সে দেশের জন্য জীবন দিলো।

***Appropriate Preposition***

**36. Fill in the gap of the sentence: 'You cannot get this book … such a price'.**

a) for b) at
c) with d) on ***ans.*** **B**

***S:*** At a price অর্থ বেশ চড়া দামে। যেমনঃ Lobsters are available in the market at a high price. সেই হিসেবে এই বাক্যে at such a price হবে।
সঠিক বাক্যঃ এমন চড়া দামে বইটি আপনি কিনতে পারবেন না।

***Spelling***

**37. Which one of the following spellings is correct?**

a) Miscelaneous b) Miscellaneous
c) Miscelleneous d) Misellaneous ***ans.*** **B**

***S:*** Miscellaneous - বিবিধ।

***Spelling***

**38. Choose the correct spelling from the following?**

a) Sunami b) Shunami
c) Tsunami d) Tsuname ***ans.*** **C**

***S:*** Tsunami অর্থ বন্দরের ঢেউ। এটি একটি জাপানি শব্দ। 'সু' অর্থ 'বন্দর' এবং 'নামি' অর্থ 'ঢেউ'।

***One word Substitution***

**39. Identify a substitute word for the following sentence: 'A name wrongly or unsuitably applied to a person or an object'**

a) Misnaming b) Misnomer
c) Misreferring d) Assigning ***ans.*** **B**

***S:*** Misnomer – নাম বা শব্দের অপপ্রয়োগ।
কাজেই কোনো ব্যক্তি বা বস্তুর ভুলভাবে বা অনুপযুক্তভাবে ব্যবহৃত নামকে বলা হয় Misnomer নামের ভুল প্রয়োগ। উল্লেখ্য, Misnaming – ভুল নামে ডাকা। Misreferring – ভুল কের উল্লেখ করা। Assigning – অর্থ বরাদ্দকরণ।

***One word Substitution***

**40. Identify a substitute word for the following sentence 'One who believes that all things and events in life are predetermined'**

a) Egoist b) Puritan
c) Fatalist d) Tyrant ***ans.*** **C**

***S:*** ভাগ্যে বিশ্বাসী ব্যক্তিকে Fatalist (নিয়তি বিশ্বাসী) বলে। উল্লেখ্য, Egoist – অহংবাদী; আত্মবাদী। Puritan – কঠোর নীতিপরায়ণ ব্যক্তি। Tyrant – অত্যাচারী শাসক।

***Preposition***

**41. Select the most appropriate option to complete the sentence: 'Do not quarrel over the money. Share it …. The five of you'.**

a) among b) between
c) equally d) by ***ans.*** **A**

***S:*** Preposition হিসেবে দুইজনের ক্ষেত্রে 'Between' আর অনেকের ক্ষেত্রে 'Among' বসে।
***Correct বাক্য:*** Do not quarrel over the money; share it ***among*** the five of you.
বাক্যের অর্থঃ টাকা নিয়ে বিবাদে লিপ্ত হয়ো না, পাঁচজনের মধ্যে টাকা ভাগ করে নাও।

***Fill in the Blanks*** **(Grammar Based)**

**42. Pick appropriate word and complete the sentence: '…. At the top of my voice, I tried to warn everybody'.**

a) Having shouted b) Being shouted
c) Since I shouted d) Shouting ***ans.*** **D**

***S:*** বাক্যটিতে কোন একটি কাজ করা বোঝানো হচ্ছে বলে Present Participle অর্থাৎ Verb + ing এর Structure হবে। সেজন্য মূল Verb 'Shout' এর সাথে ing যুক্ত হয়ে Shouting হবে যা অপশন *d)* তে আছে।
বাক্যের অর্থঃ আমার গলার স্বরের সর্বোচ্চ শক্তি দিয়ে আমি সবাইকে সতর্ক করার চেষ্টা করেছিলাম।

***Sentence Correction***

**43. Which one of the following sentences is correct?**

a) I found his pulse.
b) I examined his pulse.
c) I saw his pulse.
d) I felt his pulse. ***ans.*** **D**

Test Magic Publication

***S:*** নাড়ির স্পন্দন অনুভব করা অর্থে Feel someone's pulse ব্যবহার করতে হয়। উত্তর হবে অপশন *d*).
বাক্যের অর্থঃ আমি তার নাড়ির গতি ধরতে পেরেছিলাম।

***Word Meaning***

***44.*** **The word 'Itinerary' means-**
a) List of items to be discussed
b) List of events of a fixed time
c) Record of events occurred in a day
d) Plan of a journey ***ans.*** **D**

***S:*** Itinerary – ভ্রমণের পরিকল্পনা। উল্লেখ্য, List of items to be discussed – আলোচ্যসূচি। List of events of a fixed time – নির্দিষ্ট সময়ের কর্মসূচি। Record of events occurred in a day – একটি নির্দিষ্ট দিনের কিছু ঘটনা।

***Correcting Underlined Portion***

***45.*** **Choose from the following options for correcting the underlined portion of the sentence 'Matin is one of the few students who <u>has brought real honor to</u> the college'.**
a) has brought real honor to
b) has really honored
c) has brought real honor for
d) have brought real honor to ***ans.*** **D**

***S:*** Relative pronoun এর পরের Verb হবে 'who' এর Antecedent (পূর্বপদ) অনুযায়ী। তাই Few students অনুযায়ী verb হবে। 'Who have brought real honour to' হবে। তাই উত্তর হবে অপশন *d*).
বাক্যের অর্থঃ মতিন ঐ সকল অল্পকয়েক ছাত্রদের একজন যারা কলেজের জন্য আসল সম্মান বয়ে এনেছিল।

***Correcting Underlined Portion***

***46.*** **Which of the following options should be used to replace the underlined portion to correct the sentence 'Arafat has the guts <u>to rise from</u> the occasion and come out successful'.**
a) to rise to b) in rising from
c) to raise with d) to rise against***ans.*** **A**

***S:*** এখানে সঠিক Phrase হলো To rise to যার অর্থ উঠতে বা জাগ্রত হতে। এখানে Rise to the occassion অর্থ সময়োপযোগী কাজ করা।
বাক্যের অর্থঃ অপ্রত্যাশিত সমস্যা মোকাবেলায় আরাফাতের ঘুরে দাঁড়াবার ও নিজেকে সফল হিসেবে প্রমাণ করার নজির আছে।

***Voice***

***47.*** **What is the passive form of the sentence 'I had already shown her photo to the policeman?'**
a) The policeman was already shown her photo.
b) Her photo was already been shown to policeman.
c) The policeman had already been shown her photo.
d) The policeman have already been shown her photo. ***ans.*** **C**

***S:*** প্রদত্ত Active voice এর বাক্যটিতে দেখুন Had আছে। আর তারপরে আছে Shown, যা Verb এর Past Participle. তাই এই বাক্যটিকে Passive করতে হলে Had been আসবে। দেখুন অপশনগুলোর মধ্যে শুধু *c*) তেই Had been আছে, তাই এটি উত্তর। তাই Passive হলো The policeman had already been shown her photo. যার অর্থঃ ইতোমধ্যেই আমি পুলিশকে তার ছবি দেখিয়েছি।

***Gender***

***48.*** **Which of the following is a feminine gender?**
a) Swan b) Baby
c) Niece d) Dancer ***ans.*** **C**

***S:*** Niece – ভ্রাতুষপুত্রী; ভাগনেয়ী (a daughter of one's brother or sister, or of one's brother-in-law or sister-in-law). আর Niece শব্দটি হলো Feminine gender. Niece শব্দটির Masculine gender হলো Nephew. মনে রাখবেন A nephew is a son of a person's sibling, এবং a *niece* is a daughter of a person's sibling. বিপরীতভাবে That person is the aunt or uncle of their *niece* or nephew. আর Nephews and *nieces* উভয়ের Gender-neutral term হলো Sibling.
বাক্যের অর্থঃ আমি ইতোমধ্যেই পুলিশকে তার ছবি দেখিয়েছি।

***Sentence Correction***

***49.*** **Which of the following is correct?**
a) Neither the workers nor their leader were present.
b) Neither the workers nor their leader were in presence.
c) Neither the workers nor their leader was present.
d) Neither the workers nor their leader have presented themselves. ***ans.*** **C**

***S:*** Neither....... Nor থাকলে Nor এর পরবর্তী অংশের Subject অনুসারে Verb বসে। সেই হিসেবে Nor এর পরে Subject হলো Their leader যা Singular তাই

Test Magic Publication

Verb হিসেবে were বা have না হয়ে বরং was হবে যা অপশন *c*) তে আছে।
বাক্যের অর্থঃ শ্রমিকেরা অথবা তাদের নেতা কেউই উপস্থিত ছিল না।

### *Parts of Speech*

**50. In the sentence 'I already told him about the party'. Here 'already' is-**

a) Adjective  b) Adverb
c) Preposition  d) Interjection **ans. B**

**S:** এখানে Already শব্দটি হলো Adverb. এ ধরনের আরো কিছু Adverb হলোঃ Ago, again, almost, always, already, ever, here, there, now, then, once, soon, sometimes, yesterday, tomorrow, twice, never, only, quite, seldom, today, thus, etc.
বাক্যের অর্থঃ ইতোমধ্যেই আমি তাকে পার্টি সম্পর্কে বলেছিলাম।

### *Index*

**51. $2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30} = ?$**

a) $8^{30}$  b) $8^{120}$
c) $2^{32}$  d) $2^{30}$ **ans. C**

**S:** $2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30}$
$= 4 \times 2^{30}$  [যেহেতু মোট $2^{30}$ আছে 4টি]
$= 2^2 \times 2^{30}$
$= 2^{2+30} = 2^{32}$

**Alternate Solution:**
$2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30}$
$= 2^{30}(1 + 1 + 1 + 1)$  [$2^{30}$ কে Common নিয়ে]
$= 2^{30} \times 4$
$= 2^{30} \times 2^2$
$= 2^{30+2} = 2^{32}$

### *Number Concept*

**52. If the sum of 3 consecutive integer is 210, then the sum of the two smaller integer is**

a) 139  b) 140
c) 141  d) Cannot be determined **ans. A**

**S:** প্রশ্নে বলা হচ্ছে যে, তিনটি ক্রমিক পূর্ণসংখ্যার সমষ্টি 210 হলে ছোট দুটির যোগফল কত?
ধরি, একটি সংখ্যা $x$
$\therefore$ অপর দুটি সংখ্যা যথাক্রমে $(x + 1)$ এবং $(x + 2)$
প্রশ্নমতে, $x + x + 1 + x + 2 = 210$
$\Rightarrow 3x + 3 = 210$
$\Rightarrow 3x = 210 - 3 = 207$
$\therefore x = \frac{207}{3} = 69$
$\therefore$ ছোট দুটির যোগফল হবে $= x + x + 1 = 2x + 1$
$= (2 \times 69) + 1 = 138 + 1 = 139$

**Shortcut:** Middle No $= \frac{210}{3} = 70$,
Sum $= 69 + 70 = 139$

### *Algebra*

**53. If $a^2 + b^2 = 45$ and $ab = 18$, find $\frac{1}{a} + \frac{1}{b}$.**

a) $\frac{1}{3}$  b) $\frac{1}{2}$
c) $\frac{2}{3}$  d) $\frac{1}{4}$ **ans. B**

**S:** দেয়া আছে, $a^2 + b^2 = 45$
$\Rightarrow (a + b)^2 - 2ab = 45$
$\Rightarrow (a + b)^2 = 45 + 2ab$
$\Rightarrow (a + b)^2 = 45 + (2 \times 18)$
$\Rightarrow (a + b)^2 = 45 + 36 = 81$
$\therefore a + b = \sqrt{81} = 9$
অতএব, $\frac{1}{a} + \frac{1}{b} = \frac{b + a}{ab} = \frac{a + b}{ab} = \frac{9}{18} = \frac{1}{2}$

**Alternative:** দেয়া আছে, $\frac{1}{a} + \frac{1}{b} = \frac{a + b}{ab}$ ------------ (*i*)
Now, $(a + b)^2 = a^2 + b^2 + 2ab = 45 + (2 \times 18)$
$= 81$
$\therefore a + b = 9$
$\therefore (i) \Rightarrow \frac{1}{a} + \frac{1}{b} = \frac{a + b}{ab} = \frac{9}{18} = \frac{1}{2}$.

### *Index*

**54. If $a^x = b$ and $b^y = a$, then find the value of $xy$.**

a) 1  b) 0
c) $a$  d) $y$ **ans. A**

**S:** দেয়া আছে, $a^x = b$
$\Rightarrow x = \log_a b$  [$\because \log_a x = y$ হলে $a^y = x$ হয়]
$\therefore x = \log_a b$
অনুরূপভাবে, $y = \log_b a$
অতএব, $xy = \log_a b \times \log_b a = 1$

**Alternative:** দেয়া আছে, $b^y = a$
$\Rightarrow a^{xy} = a^1$
$\Rightarrow xy = 1$

### *IQ*

**55. Students of a class stand to a queue. If Ratan is 19th in order from both ends, how many students are there in the queue?**

a) 20  b) 37
c) 38  d) 39 **ans. B**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, একটি শ্রেণির ছাত্র-ছাত্রীর একটি লাইনে দাঁড়ালো। লাইনের উভয় দিক হতে রতন 19তম হলে সারিতে কয়জন ছাত্র-ছাত্রী আছে?
Here, Ratan হলো লাইনের ১৯নং ব্যাক্তি।
So, number of students at front-side of Ratan are 18 and number of students at back-side of Ratan are 18.
$\therefore$ Total number of students $= 18 + 1 + 18 = 37$

Test Magic Publication

### *Fraction*

***56.* If 1 is added to the numerator of a faction, the fraction becomes 1. If 1 is added to the denominator, the fraction become $\frac{1}{2}$. Find the fraction.**

a) $\frac{1}{3}$ b) $\frac{1}{2}$
c) $\frac{2}{3}$ d) $\frac{3}{4}$ ***ans.* C**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে যে, একটি ভগ্নাংশের লবের সাথে 1 যোগ করা হলে ভগ্নাংশটি 1 এর সমান হয়। কিন্তু ভগ্নাংশের হরের সাথে 1 যোগ করলে ভগ্নাংশটি $\frac{1}{2}$ এর সমান হয়। ভগ্নাংশটি কত?

ধরি, ভগ্নাংশের লব $x$ এবং হর $y$

প্রশ্নমতে, $\frac{x+1}{y} = 1$

$\therefore\ y = x + 1$ ............ $(i)$

আবার, $\frac{x}{y+1} = \frac{1}{2}$

$\Rightarrow\ 2x = y + 1$

$\Rightarrow\ 2x = x + 1 + 1$

$\Rightarrow\ 2x - x = 2$

$\therefore\ x = 2$

এখন $x$ এর মান সমীকরণ $(i)$ নং এ বসিয়ে পাই

$y = 2 + 1 = 3$

$\therefore$ নির্ণেয় ভগ্নাংশটি $= \frac{x}{y} = \frac{2}{3}$

### *Equation form*

***57.* The cost of 9 mangoes and 5 apples is equal to the cost of 7 mangoes and 8 apples. Find the ratio between the cost of 1 mango and the cost of one apple.**

a) 3 : 2 b) 2 : 3
c) 5 : 8 d) 9 : 7 ***ans.* A**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে, 9টি আম এবং 5টি আপেলের মূল্য 7টি আম ও 8টি আপেলের মূল্যের সমান হলে আম ও আপেলের ক্রয়মূল্যের অনুপাত কত?

দেয়া আছে, $9M + 5A = 7M + 8A$

$\Rightarrow\ 9M - 7M = 8A - 5A$

$\Rightarrow\ 2M = 3A$

$\therefore\ M : A = 3 : 2$

### *Equation*

***58.* A shopkeeper has sufficient money to buy 50 books. On reduction in the price of each book by Tk. 4, he could buy 10 books more. How much money does he has?**

a) Tk. 1,000 b) Tk. 1,500
c) Tk. 1,200 d) Tk. 2,000 ***ans.* C**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে, একজন দোকানদারের নিকট 50টি বই কেনার অর্থ আছে। প্রতিটি বইয়ের দাম 4 টাকা কমে যাওয়ায় যে 10টি বেশি কিনতে পেরেছিল। তার নিকট কত টাকা ছিল?

ধরি, একটি বইয়ের দাম $x$ টাকা

প্রশ্নমতে, $50 \times x = (x - 4)60$

$\Rightarrow\ 50x = 60x - 240$

$\Rightarrow\ 10x = 240$

$\therefore\ x = 24$

$\therefore$ দোকানীর নিকট ছিল $= 50 \times 24 = 1{,}200$ টাকা।

### *Interest*

***59.* A man deposits certain amount in his bank account. After a few days, he withdraws half of the money deposited and deposits Tk. 500 more. If he has a balance of Tk. 2,000 in his bank account, find the amount deposited initially.**

a) Tk. 1,500 b) Tk. 2,000
c) Tk. 2,500 d) Tk. 3,000 ***ans.* D**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে, এক ব্যক্তি তার একাউন্টে কিছু টাকা জমা রাখল। কয়েকদিন পর লোকটি একাউন্ট থেকে অর্ধেক টাকা তুলে নিল এবং পরে 500 টাকা আবার জমা রাখল। এখন তার একাউন্ট ব্যালেন্স ২,০০০ টাকা হলে প্রারম্ভিকে সে কত টাকা জমা রেখেছিল?

ধরি, প্রারম্ভিক লোকটি $x$ টাকা জমা রেখেছিল।

প্রশ্নমতে, $x - \frac{x}{2} + 500 = 2{,}000$

$\Rightarrow\ \frac{x}{2} + 500 = 2{,}000$

$\Rightarrow\ \frac{x}{2} = 2{,}000 - 500 = 1{,}500$

$\therefore\ x = 3{,}000$

### *IQ*

***60.* A worker earns Tk. 250 on the first day and spends Tk. 200 on the second day, earns Tk. 250 on the third day and again spends Tk. 200 on the fourth day and so on. On which day would he have had Tk. 1,000?**

a) $20^{th}$ day b) $30^{th}$ day
c) $31^{st}$ day d) $40^{th}$ day ***ans.* C**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে, ১ম দিন কাজ করে এক লোক 250 টাকা আয় করে, আর ২য় দিনে ব্যয় করে 200 টাকা। আবার ৩য় দিনে 250 টাকা আয় করে, আর ৪র্থ দিনে ব্যয় করে 200 টাকা। এভাবে সে কাজ করে ও ব্যয় করে। কততম দিনে তার নিকট 1,000 টাকা থাকবে?

প্রথম 2 দিনে তার আয় $= 250 - 200 = 50$ টাকা

এখন 1,000 টাকা সঞ্চয়ের জন্য তাঁকে 750 টাকা এবং সর্বশেষ 250 টাকা আয় করতে হবে নিচের মতো করে।

Test Magic Publication

এখন, 750 টাকা আয় করতে সময় লাগে

$= \frac{750}{50} = 15 \times 2 = 30$ দিন।

এরপর 31 তম দিনে তার আয় হবে 250 টাকা।

$\therefore$ 31 দিনে তার মোট আয় হবে

$= 750 + 250 = 1,000$ টাকা।

*Average*

**61. In a group of 135 present, 50% people contributed Tk. 40 each, 30% contributed Tk. 60 each and the remaining persons contributed Tk. 80. Find the average contribution for the group.**

a) Tk. 50 b) Tk. 54

c) Tk. 60 d) Tk. 62 ***ans.* B**

*S:* প্রশ্নে বলা হচ্ছে, 135 জন লোকের একটি দল থেকে 50% লোক 40 টাকা করে, 30% লোক 60 টাকা করে এবং বাকি লোকগুলো 80 টাকা করে দিল। প্রত্যেকেই গড়ে কত করে দিল?

গড় অনুদান =

$$\frac{50\% \text{ of } 135 \times 40 + 30\% \text{ of } 135 \times 60 + 20\% \text{ of } 135 \times 80}{135}$$

$$= \frac{\frac{50 \times 135 \times 40}{100} + \frac{30 \times 135 \times 60}{100} + \frac{20 \times 135 \times 80}{100}}{135}$$

$$= \frac{2700 + 2430 + 2160}{135} = \frac{7290}{135} = 54$$

*Geometry* (Circle)

**62. The length of one side of a square inscribed in a circle is 2. What is the area of the circle?**




a) $\frac{\pi}{2}$ b) $\pi$

c) $\sqrt{2}\,\pi$ d) $2\pi$ ***ans.* D**

*S:* অনুবাদঃ বৃত্তের ভিতরে বর্গের এক বাহুর দৈর্ঘ্য 2. বৃত্তের ক্ষেত্রফল কত?

এখানে, বর্গের কর্ণ $= \sqrt{2} \times 2 = 2\sqrt{2}$

$\therefore$ বৃত্তের ব্যাস $= \frac{2\sqrt{2}}{2} = \sqrt{2}$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \pi(\sqrt{2})^2 = 2\pi$

*Percentage*

**63. If 4% of (P + Q) are 8 and P is a positive integer. What is the greatest possible value of Q?**

a) 200 b) 199

c) 198 d) 196 ***ans.* B**

*S:* প্রশ্নে বলা হচ্ছে যে, (P + Q) এর 4% হলো 8 এবং P একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা Q. এর সম্ভাব্য সবচেয়ে বড় মান অপশনের কোনটি হতে পারে?

$(P + Q)\ 4\% = 8$

$\Rightarrow (P + Q) \times \frac{4}{100} = 8$

$\Rightarrow \frac{4(P + Q)}{100} = 8$

$\Rightarrow 4P + 4Q = 800$

$\Rightarrow P + Q = 200$

এখন, Q এর সবচেয়ে বড় হবে যেটিই সেখানে P এর মান হবে সবচেয়ে কম। কাজেই P ও Q এর সমষ্টি 200 এবং P ধনাত্মক পূর্ণ সংখ্যা বলে P এর সবচেয়ে ছোট মান হবে 1 এবং Q এর সর্বোচ্চ মান সেক্ষেত্রে, 200 – P = 200 – 1 = 199 পর্যন্ত হতে পারে। তাই উত্তর হবে *b*).

*Percentage*

**64. Income of A in 25% less than B. What percent B's income would be more than A?**

a) 35% b) 33.33%

c) 30% d) 25% ***ans.* B**

*S:* প্রশ্নে বলা হচ্ছে, B এর চেয়ে A'র আয় 25% কম। B এর আয় A এর চেয়ে শতকরা কত বেশি?

ধরি, B এর Income = 100 টাকা

$\therefore$ A এর Income = 100 – 25 = 75 টাকা

$\therefore$ B এর Income বেশি হয় = 100 – 75 = 25 টাকা

75 টাকায় বেশি = 25 টাকা

$\therefore$ 100 টাকায় বেশি $= \frac{25 \times 100}{75} = 33\frac{1}{3}\%$.

***Shortcut:1:*** ধরি, B = 100,

$\therefore$ A = 100 – 25 = 75

$\therefore \frac{B}{A} = \frac{100}{75} \times 100\% = 133.33\%$

অর্থাৎ 33.33% বেশি।

***Shortcut:2:*** (33.33% - 25%) অর্থাৎ 25% কম হলে বেশি হবে $33.33\% = 33\frac{1}{3}\%$ ।

*Geometry* (Rectangle)

**65. If a rectangle's length and width are both doubled, by what percent is the rectangle's are increased?**

a) 50% b) 100%

c) 200% d) 300% ***ans.* D**

*S:* প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ উভয়েই দ্বিগুণ হলে ক্ষেত্রফল শতকরা কত বাড়বে?

ধরি, প্রাথমিক দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে $x$ এবং $y$ একক।

$\therefore$ প্রাথমিক ক্ষেত্রফল $= xy$ বর্গ একক।

এখন, নতুন দৈর্ঘ্য হবে $= 2x$ একক

এবং প্রস্থ হবে $2y$ একক

$\therefore$ নতুন ক্ষেত্রফল $= 2x + 2y = 4xy$ বর্গ একক।

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বাড়বে

$= \left(\frac{4xy - xy}{xy} \times 100\right)\% = \left(\frac{3xy}{xy} \times 100\right)\%$

$= 300\%$

Test Magic Publication



www.exambd.net

***Weight***

**66. A box contains 90 nuts each of 100 *gm* and 100 bots each of 150 *gm*. If the entire box weighs 35.5 *kg*, then find the weight of the empty box.**

a) 10.5*kg* b) 11*kg*
c) 11.5*kg* d) 24*kg* ***ans.* C**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, একটি বাক্সে প্রতিটি 100*gm* ওজনের 90 টি ও প্রতিটি 150*gm* ওজনের 100 টি নাট বল্টু আছে। নাট বল্টু বাক্সের ওজন 35.5 *kg* হলে খালি বাক্সের ওজন কত?

নাট-বল্টুসহ বাক্সের ওজন

$= 90 \times 100 + (100 \times 150) = 24{,}000gm = 24kg$

$\therefore$ খালি বাক্সের ওজন $= 35.5 - 24 = 11.5\ kg$

***Average***

**67. A wholesaler bought 1,200 radios for Tk. 18 each. The wholesaler sold 60 percent of the radios for Tk. 30 each and the rest for Tk. 15 each. What is the wholesaler's average (arithmetic mean) profit per radio?**

a) Tk. 6 b) Tk. 5
c) Tk. 4 d) Tk. 3 ***ans.* A**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, একজন পাইকারি বিক্রেতা প্রতিটি 18 টাকা দরে 1,200 টি রেডিও কিনল। 30% রেডিও বিক্রেতা প্রতিটি 30 টাকা দরে এবং বাকি রেডিও 15 টাকা দরে বিক্রি করলে গড়ে লাভ কত হলো?

রেডিওয়ের ক্রয়মূল্য $= 1{,}200 \times 18 = 21{,}600$ টাকা

$\therefore$ রেডিওয়ের বিক্রয়মূল্য

$= (1{,}200$ এর $60\%) \times 30 + (1{,}200$ এর $40\%) \times 15$

$= \frac{1200 \times 60}{100} \times 30 + \frac{1200 \times 40}{100} \times 15$

$= 21{,}600 + 720 = 28{,}800$ টাকা

$\therefore$ গড় লাভ $= \frac{28800 - 21600}{1200} = \frac{7200}{1200} = 6$ টাকা

***Speed & Distance***

**68. If a person walks at 14*km/hr* instead of 10*km/hr*, he can cover 20*km* more. The actual distance travelled by him is -**

a) 50 *km* b) 56 *km*
c) 70 *km* d) 80 *km* ***ans.* A**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, 10 *kmph* বেগে না হেঁটে 14 *kmph* বেগে হাঁটলে একজন ব্যক্তি 20 *km* পথ বেশি যেতে পারে। সে প্রকৃত পক্ষে কত কিলোমিটার গিয়েছিল?

ধরি, লোকটি প্রকৃতপক্ষে $x$ কিলোমিটার পথ অতিক্রম করেছিল।

এবং এই দূরত্ব অতিক্রমে সময় লেগেছিল $y$ ঘন্টা।

প্রশ্নমতে, $14y - 10y = 20$ [$\because$ দূরত্ব = বেগ $\times$ সময়]

$\Rightarrow 4y = 20$

$\therefore y = 5$

অর্থাৎ লোকটি 10 *kmph* বেগে

$= 5 \times 10 = 50$ কিলোমিটার পথ গিয়েছিল।

***Fraction***

**69. Eight people are planning to share equally the cost of a rental car. If one person withdraws from the arrangement and the others share equally the entire cost of the car, then the share of each of the remaining persons will be increased by-**

a) $\frac{1}{8}$ b) $\frac{1}{7}$
c) $\frac{7}{8}$ d) None ***ans.* B**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, 8 জন ব্যক্তি মিলে একটি গাড়ি ভাড়া করতে চায়। কিন্তু, একজন নিজেকে প্রত্যাহার করে নিল। বাকি সদস্যদের ভাড়া কত করে বাড়বে?

ধরি, 8 জনের প্রত্যেকেই 1 টাকা করে দিয়ে গাড়ি ভাড়া করবে।

$\therefore$ 8 জন মোট দিবে $= 1 \times 8 = 8$ টাকা

1 জন বাদ যাওয়ায় এখন অবশিষ্ট থাকে = 7 জন।

$\therefore$ 7 জনে মোট দিবে ঐ = 8 টাকা

$\therefore$ 1 জনে মোট দিবে ঐ $= \frac{8}{7}$ টাকা

$\therefore$ বাকি সদস্যদের প্রত্যেকের ভাড়া বাড়বে

$= \frac{8}{7} - 1 = \frac{8-7}{7} = \frac{1}{7}$ টাকা।

***Age***

**70. Present age of Fariha is thrice the present age of Samira who is 20. How many years ago was the age of Fariha five times that of Samira?**

a) 3 b) 6
c) 7.5 d) 10 ***ans.* D**

**S:** প্রশ্নে বলা হচ্ছে, বর্তমানে ফারিহার বয়স 20 বছর এবং সামিরার বয়স ফারিহার বয়সের তিনগুণ। কত বছর আগে সামিরার বয়স ফারিহার বয়সের 5 গুণ ছিল?

দেয়া আছে, ফারিহার বর্তমান বয়স 20 বছর।

$\therefore$ সামিরার বর্তমান বয়স $= 20 \times 3 = 60$ বছর।

ধরি, $x$ বছর পূর্বে সামিরার বয়স ফারিহার বয়সের 5 গুণ ছিল।

প্রশ্নমতে, $60 - x = 5(20 - x)$

$\Rightarrow 60 - x = 100 - 5x$

$\Rightarrow 4x = 40$

$\therefore x = 10.$

$\therefore$ 10 বছর পূর্বে সামিরার বয়স ফারিহার বয়সের 5 গুণ ছিলো।

Test Magic Publication

**71. 'Dengue' is a-**

a) Latine word  b) English word
c) Franch word  d) Spanish word ***ans.* D**

**72. The duration of the 'Eight Five year plan' is-**

a) July 2020 – June 2028
b) July 2020 – June 2025
c) July 2019 – June 2026
d) July 2021 – June 2028 ***ans.* B**

*S:* বাংলাদেশ সরকার এ পর্যন্ত ৮টি পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছে। উল্লেখ্য, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ হলো জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ সাল পর্যন্ত। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অনুমোদন হয়েছে ২৮ ডিসেম্বর ২০২০ (একনেকের সভায়)। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্থিরলক্ষ্য 'রূপকল্প ২০৪১'।

**73. Who is the first female 'Megseysey' award winner in Bangladesh?**

a) Anwar Syed Haq
b) Mokbula Manzoor
c) Taherunnesa Abdullah
d) Tahmina Anam ***ans.* C**

*S:* তাহেরুন্নেসা আব্দুল্লাহ ১৯৭৮ সালে ম্যাগসেসে পুরস্কার পান। তিনি মূলত কাজ করেছেন মেয়েদের সমবায় সমিতি গঠন এবং পরিবার পরিকল্পনা বিষয়ে। ম্যাগসেসে পুরস্কারকে এশিয়ার নোবেল বলা হয়। এ পর্যন্ত ১২ জন বাংলাদেশি এ পুরস্কার লাভ করেন। সর্বশেষ বাংলাদেশি হিসেবে ২০২১ সালে এই পুরস্কার পান আইসিডিডিআরবি এর ফেরদৌসী কাদরী।

**74. How many Bengalis have been with the 'Knighthood' title?**

a) 2  b) 4
c) 5  d) 3 ***ans.* D**

*S:* এ পর্যন্ত ৩ জন বাঙ্গালী নাইট উপাধি পেয়েছেন। তারা হলেন স্যার রবীন্দ্রনাথ ঠাকুর (১৯১৫), স্যার ফজলে হাসান আবেদ (২০১০) এবং স্যার আখলাকুর রহমান চৌধুরী (২০১৭)। যদিও জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের প্রতিবাদে ১৯১৯ সালে রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেন।

**75. Who is the designer of the official logo of the Bangladesh Government?**

a) A N A Saha  b) Kamrul Hasan
c) Narayan Das  d) Fazle Hasan ***ans.* A**

*S:* নিত্যানন্দ সাহা বা এ.এন.এ. সাহা মুজিবনগর সরকারের ও বর্তমান বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রাম নকশাকার ও একজন মুক্তিযোদ্ধা। মনোগ্রাম হলো লাল বৃত্তের মাঝখানে হলুদ রংঙের মানচিত্র। বৃত্তের উপরে লেখা 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ', নিচে লেখা 'সরকার' এবং বৃত্তের ২ পাশে ২ টি করে মোট ৪ টি তারকা।

**76. Which Mughal Emperor is laid to rest in Yangon?**

a) Sher Shah  b) Elias Shah
c) Bahadur Shah  d) Jafar Shah ***ans.* C**

*S:* ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের অন্যতম সংগঠক ছিলেন শেষ মুগল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ ও তাঁর পুত্ররা। কিন্তু বিদ্রোহে ব্রিটিশ বাহিনীর নিকট এ বিদ্রোহ চরমভাবে ব্যর্থ হলে বাহাদুর শাহকে ব্রিটিশ বাহিনী বন্দী করে তৎকালীন ব্রিটিশ ভারতের অংশ বর্তমান মিয়ানমারের ইয়াংগুনে পাঠিয়ে দেয় এবং সেখানেই তার মৃত্যুর পর তাকে সমাধিস্থ করা হয়।

**77. Which of the following is the largest border in the world between two countries?**

a) USA - Canada  b) Rusia - China
c) Brazil - Argentina  d) India - China ***ans.* A**

*S:* কানাডা ও মার্কিন যুক্তরাষ্ট্রের রয়েছে পৃথিবীর সবচেয়ে দীর্ঘতম আন্তর্জাতিক সীমান্ত।

**78. Which country is called 'Great Britain of the East'?**

a) Korea  b) Thailand
c) Japan  d) Bangladesh ***ans.* C**

*S:* প্রাচ্যের গ্রেট ব্রিটেন বলা হয় জাপানকে। উল্লেখ্য,

| উপনাম | দেশ বা স্থান |
|---|---|
| ভাটির দেশ | বাংলাদেশ |
| শান্ত দেশ/ শান্ত সকালের দেশ | কোরিয়া |
| সাদা হাতির দেশ | থাইল্যান্ড |
| সূর্যোদয়ের দেশ/ ভূমিকম্পের দেশ | জাপান |
| নিশীথ সূর্যের দেশ | নরওয়ে |
| হাজার হ্রদের দেশ | ফিনল্যান্ড |
| গোলাপি শহর | রাজস্থান (ভারত) |

**79. 'Hoplology' is the study of what?**

a) Weapons  b) Fire
c) Animal  d) Weather ***ans.* A**

*S:* The study of weapons or armour is called Hoplology.

**80. Which one is the 'Tallest Mountain in our Solar System'?**

a) Mount Everest  b) Olympus Mons
c) Caloris Montes  d) Kangchenjunga ***ans.* B**

*S:* মাউন্ট এভারেস্ট পৃথিবীর সর্বোচ্চ পর্বত কিন্তু সৌরজগতের নয়। মঙ্গল গ্রহে মাউন্ট এভারেস্টের চেয়ে তিনগুণ উঁচু একটি পর্বত রয়েছে যা একটি বিশাল আগ্নেয়গিরি। এটি এভারেস্টের চেয়ে তিনগুণ বড় যার নাম অলিম্পাস মনস।

**81. What is Ervebo?**

a) Measles Vaccine  b) Polio Vaccine
c) Small Pox Vaccine  d) Ebola Vaccine ***ans.* D**

**82. Industrial shares considered as safe investment-**

a) Prefered Stock  b) Blue Chip
c) ESG Stocks  d) Value Stocks ***ans.* B**

Test Magic Publication

*S:* বাজারে এমন অনেক কোম্পানি আছে যাদের আর্থিক অবস্থা ভালো, সুসংহত, ব্যবস্থাপনা ও পরিচালনার মান ভালো। এরা অনেক দিন ধরে বাজারে প্রতিষ্ঠিত। তাদের দীর্ঘমেয়াদি ও স্থিতিশীল বৃদ্ধির রেকর্ড আছে। নিরাপদ কোম্পানি এবং নিয়মিত লভ্যাংশ দিয়ে থাকে। সব মিলিয়ে বিনিয়োগের জন্য আকর্ষণীয় কোম্পানি। আর এসব কোম্পানিকেই শেয়ারবাজারে ব্লু চিপ কোম্পানি বলে, আর তাদের শেয়ার ব্লু চিপ শেয়ার। ভালো কোম্পানি বলে এই শেয়ারের চাহিদাও বেশি থাকে। এসব শেয়ার অনেকটাই ঝুঁকিমুক্ত।

***83.*** **Bangladesh will graduate from LDC to developing country in-**

a) 2026 b) 2023
c) 2041 d) 2071 ***ans.* A**

*S:* স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে বের হয়ে যাওয়ার সুপারিশ পায় বাংলাদেশ। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি রাতে ৫ দিনের বৈঠক শেষে এ সুপারিশ করে। সিডিপির এলডিসি-সংক্রান্ত উপগ্রুপের প্রধান টেফেরি টেসফাসো পরে এক অনলাইন ব্রিফিংয়ে এই কথা জানায়। তবে বাংলাদেশকে LDC থেকে বের হতে ২০২৬ সাল পর্যন্ত অপেক্ষা করতে হবে।

সাধারণত উন্নয়নশীল দেশগুলোর মধ্যে যেসব দেশ তুলনামূলক দুর্বল, সেসব দেশকে স্বল্পোন্নত দেশ হিসেবে বিবেচনা করা হয়। ১৯৭১ সালে প্রথম স্বল্পোন্নত দেশের তালিকা করা হয়। বাংলাদেশ ১৯৭৫ সালে এই তালিকায় অন্তর্ভুক্ত হয়। সবকিছু ঠিক থাকলে আগামী ২০২৬ সালে LDC থেকে বের হয়ে অন্যান্য উন্নয়নশীল দেশের কাতারে চলে যাবে বাংলাদেশ।

***84.*** **As per the declaration of the government, Bangladesh will turn into 'Smart Bangladesh' by-**

a) 2030 b) 2026
c) 2041 d) 2071 ***ans.* C**

*S:* ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা হবে। শেখ হাসিনা 'স্মার্ট বাংলাদেশ' গড়ার চারটি ভিত্তি নির্ধারণ করা হয়েছে। এগুলো হলোঃ স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট সোসাইটি।

***85.*** **Tax-free income for individuals in Bangladesh for the tax years 2023-24 is-**

a) Taka 300,000 b) Taka 350,000
c) Taka 400,000 d) Taka 475,000 ***ans.* B**

*S:* ২০২৩-২৪ বাজেট অনুযায়ী সর্বোচ্চ করহার ৩০ %। ২০২৩-২৪ বাজেট অনুযায়ী করমুক্ত আয়সীমা: সাধারণ করদাতা -৩,৫০,০০০ টাকা, মহিলা ও ৬৫ উর্ধ্ব বয়সী- ৪,০০,০০০ টাকা, প্রতিবন্ধী - ৪,৭৫,০০০ টাকা। **এই ধরনের প্রশ্নগুলো সবসময় Update তথ্য দেখে নিবেন।**

***86.*** **Value Added Tax (VAT) was introduced in Bangladesh in-**

a) 1991 b) 2001
c) 1881 d) 2011 ***ans.* A**

*S:* ১ জুলাই ১৯৯১ সলে সর্বপ্রথম দেশে VAT প্রথা চালু হয়। কর হলো সরকার কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত দ্রব্য বা সেবার বিনিময়ে প্রদেয় মূল্য। কর সাধারণত দুই প্রকারঃ ১. প্রত্যক্ষ কর এবং ২. পরোক্ষ কর। VAT একটি পরোক্ষ কর। জাতীয় মূল্য সংযোজন কর বা VAT দিবস ১০ই জুলাই।

***87.*** **Which of the following is different?**

a) Nigeria b) Niger
c) Namibia d) Nicaragua ***ans.* D**

*S:* পশ্চিম আফ্রিকার স্থলবেষ্টিত রাষ্ট্র নাইজার। পশ্চিম আফ্রিকার আটলান্টিক মহাসাগরীয় উপকূলে অবস্থিত দেশ নাইজেরিয়া। পশ্চিম আফ্রিকার আটলান্টিক সাগরের তীরবর্তী দেশ নামিবিয়া।

কিন্তু, নিকারাগুয়া হলো মধ্য আমেরিকার একটি প্রজাতন্ত্র রাষ্ট্র। তাই সঠিক উত্তর অপশন *d*).

***88.*** **The ICC world cup 2023 is going to be hosted by-**

a) Australia b) England
c) India d) South Africa ***ans.* C**

*S:* ২০১৯ সালে ১২ তম বিশ্বকাপ ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে এবং ২০২৩ সালে ১৩ তম বিশ্বকাপ ক্রিকেট খেলা অনুষ্ঠিত হবে ভারতে।

***89.*** **Which sector has the largest share of the GDP of Bangladesh?**

a) Industry b) Service
c) Agriculture d) None ***ans.* B**

*S:* GDP তে সার্বিক খাতসমূহের অবদানঃ

| | অবদানের হার (%) | | | |
|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ |
| কৃষি | ১৩.৬০ | ১২.০৭ | ১১.৫০ | ১১.২০ |
| শিল্প | ৩৫.১৪ | ৩৬.০১ | ৩৭.০৭ | ৩৭.৫৬ |
| সেবা | ৫১.২৬ | ৫১.৯২ | ৫১.৪৪ | ৫১.২৪ |

***90.*** **The secretariat of BIMSTEC is located in-**

a) Dhaka b) New Delhi
c) Bangkok d) Kathmandu ***ans.* A**

*S:* BIMSTEC (Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation): ১৯৯৭ সালের ৬ জুন BIMSTEC প্রতিষ্ঠিত হয়। ২০১৪ সালের ১৩ সেপ্টেম্বর ঢাকায় BIMSTEC এর Head Office প্রতিষ্ঠা করা হয়।

***91.*** **A computer cannot do anything without a_**

a) Memory b) Programme
c) Output device d) Chip ***ans.* B**

Test Magic Publication

*92.* **Which of the following is not computer hardware?**

a) Monitor b) MS paint
c) Keyboard d) RAM ***ans.* B**

*S:* কম্পিউটার তৈরিতে ব্যবহৃত বিভিন্ন ধরনের ডিভাইস বা যন্ত্র এবং যন্ত্রাংশসমূহকে বলা হয় কম্পিউটার হার্ডওয়্যার। সাধারণত কম্পিউটার হার্ডওয়ারকে আমরা দেখতে পারি এবং স্পর্শ করতে পারি। কি-বোর্ড, মাউস, মাইক্রোপ্রসেসর, মাদারবোর্ড, ডিস্ক, ডিস্ক ড্রাইভ, মনিটর, প্রিন্টার ইত্যাদি হলো কম্পিউটার হার্ডওয়্যারের উদাহরণ।

*93.* **The command to reboot a computer is-**

a) Ctrl + Alt + Tab b) Ctrl + Shift + Del
c) Ctrl + Alt + Del d) Ctrl + Alt + Shift***ans.* C**

*S:* একে Three finger salute বলা হয়। এই কমান্ড কম্পিউটার Reboot করতে ব্যবহৃত হয়।

*94.* **keys lebelled F1 to F12 are ___ keys.**

a) Input b) Output
c) Help d) Function ***ans.* D**

*S:* কী বোর্ডের মধ্যে সর্বোচ্চ ১০৫টি কী থাকে।
F1 – F12 পর্যন্ত ১২টি ফাংশন কী।
A – Z পর্যন্ত কীগুলোকে আলফানিউমেরিক কী বলা হয়।
0 – 9 এবং (+, –, ×, ÷) সহ মোট ১৭টি কী হলো নিউমেরিক কী। Shift, Ctrl, Alt Modifier key.

*95.* **Which technology is used by crypto currencies?**

a) Database b) Spreadsheet
c) Blockchain d) Text file ***ans.* C**

*S:* ব্লক চেইন হলো বিটকয়েন ব্যবস্থাপনা মাধ্যম। প্রতি ব্লক একে অন্যের সাথে Hash পয়েন্টার দিয়ে যুক্ত থেকে প্রতিটি লেনদেন (List of transactions) এর সময় (Time stamp) ও সম্পৃক্তি রেকর্ড করে রাখে।

*96.* **Shortcut to save file is-**

a) Ctrl + S b) Alt + S
c) Ctrl + F1 d) Ctrl + F2( ***ans.* A**

*S:* MS Word এ কিছু শর্টকার্ট কমান্ডঃ

| কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|
| Ctrl + S | Save |
| Ctrl + C | Copy |
| Ctrl + X | Cut |
| Ctrl + V | Paste |
| Ctrl + Z | Undo |
| Ctrl + Y | Redo |
| Ctrl + P | Print |

| কীবোর্ড কমান্ড | কাজ |
|---|---|
| Ctrl + E | Central Alignment |
| Ctrl + L | Left Alignment |
| Ctrl + R | Right Alignment |
| Ctrl + J | Justify Alignment |
| Ctrl + N | Open a new window |
| Ctrl + H | Replace |
| Ctrl + F | Find |

*97.* **Which of the following is the strongest password?**

a) $XxY59*& b) BCD1234
c) A1B2C3D4 d) PasSwOrD ***ans.* A**

*S:* পাসওয়ার্ড শক্তিশালী করার কিছু কৌশলঃ পাসওয়ার্ডে কমপক্ষে আটটি অক্ষর বা তার বেশি অক্ষর ব্যবহার করুন। ছোট বা বড় অক্ষর, সংখ্যা, চিহ্নের সমন্বয়ে পাসওয়ার্ড তৈরি করুন। পাসওয়ার্ডে বিশেষ কিছু চিহ্ন ব্যবহার করুন যেমন @ # $ % ^ & *

*S:* **RTGS is a-**

a) Payment system b) Governance system
c) An anti virus software
d) High- based group ***ans.* A**

*CS:* রিয়েল-টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) একটি ফান্ড ট্রান্সফার সিস্টেমকে বোঝায় যা তাৎক্ষণিকভাবে অর্থ ট্রান্সফার করতে সক্ষম। RTGS হল একটি কেন্দ্রীয় ব্যাংকের বই জুড়ে ক্রেডিট দিয়ে ডেবিট না করে একটি অর্ডারের ভিত্তিতে অপেক্ষা না করে তাৎক্ষণিক ভিত্তিতে পেমেন্ট নিষ্পত্তির ক্রমাগত প্রক্রিয়া। একবার সম্পন্ন হলে, RTGS পেমেন্ট অপরিবর্তনীয়। বেশিরভাগ দেশে, সিস্টেমগুলি কেন্দ্রীয় ব্যাংক দ্বারা পরিচালিত হয়। RTGS প্রক্রিয়া উচ্চ মূল্যের ব্যাংক লেনদেনের জন্য ব্যবহৃত হয়। দুটি পদ্ধতি আছে যার মাধ্যমে গ্রাহকরা RTGS পরিষেবা পেতে পারেনঃ ১. অনলাইন, মোবাইল এবং ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে। ২. RTGS সক্ষম শাখায় নগদ টাকা জমা দিয়ে অফলাইন।

*99.* **Which one of the following is an example of an operating System?**

a) Microsoft word b) Microsoft Excel
c) Microsoft Access d) Microsoft Windows
***ans.* D**

*S:* অপারেটিং সিস্টেম হচ্ছে এমন একটি সফটওয়্যার যা কম্পিউটারের কার্যাবস্থা নিয়ন্ত্রণ করে এবং যা শিডিউলিং, ডিবাগিং, ইনপুট/আউটপুট কন্ট্রোল, একাউন্টিং, কম্পাইলেশন, স্টোরেজ অ্যাসাইনমেন্ট, ডেটা ম্যানেজমেন্ট এবং আনুষঙ্গিক কাজ করে। জনপ্রিয় কিছু অপারেটিং সিস্টেমের হলোঃ MS Windows, MS Windows NT, MS DOS, PC DOS, Mac OS, OS/2, Be OS, Android, Linux, Unix, Sunsolaries, XENIX, AIX, Symbian ইত্যাদি।

*100.* **The smallest unit in a digital system is a-**

a) Bit b) Byte
c) Character d) Kilobyte ***ans.* A**

*S:* 1 Byte = 8 Bit
1 Kilo Byte = 1024 Bit
1 Mega Byte = 1024 Kilobyte
1 Giga Byte = 1024 Megabyte
1 Tera Byte = 1024 Giga Byte
তাহলে আমরা পাইঃ Tera Byte > Giga Byte > Mega Byte > Kilo Byte > Byte > Bit.

Test Magic Publication

# Combined 7 Banks

**Recruitment Test for Officer (General)– 2023**

Total Marks: 100; Time: 60 Minutes; Examination Held On: 15.07.2023

**Answer all the questions in the answer script. Answer must be written in English (except questions # 5)**

***01.* Read the passage and answer the questions (I - iv)**

It is important to know what makes a person so different from the rest. War and conflicts in their various forms and manifestations remain pervasive around the word. With the increasing level of violence across the globe, the entire mankind is in search of a peaceful corner today. It seems that the whole world is sitting on the brink of a constant war. With his arduous efforts, a fantastic personality is spreading peace and trying to demolish violence. Lhamo Thondup, the 14the Dalai lama, makes his modest effort to awaken us with a message, "Our prime purpose in this life is to help others. And if you can't help others, at least don't hurt them". A part of his humanitarian efforts, he has conducted many conferences, workshops and lecturers across the word. In 1989, he was conferred on the Nobel peace Prize for his endeavors. Kenneth H. Blanchard rightly states, "The key to successful leadership is influence, not authority", and that is what is the objective of this colossal religious figure.

**Questions:**

a) How the world is getting affected by war and conflict?

b) What are the key roles of Dalai Lama?

c) What are the prime purposes of Dalai Lama?

d) What is your key lesson from the texts?

***S:*** আসুন প্রথমেই জেনে নেই Passage টিতে কী বলেছেঃ এটা জানা খুব দরকার যে কোনো জিনিসটি একজন ব্যক্তিকে অন্যজন হতে ভিন্নতর করে তোলে। যুদ্ধ ও দ্বন্দ্ব পৃথিবীর বিভিন্ন প্রান্তে ভিন্ন ভিন্ন রূপে এখনো বিদ্যমান। যেখানে দুনিয়ার প্রতিটি প্রান্তে আজ সহিংসতা, তাই মানুষ আজ শান্তি খোঁজে। পুরো বিশ্ব যেন যুদ্ধের এক বিভীষিকাময় পরিস্থিতির উপর দাঁড়িয়ে আছে। চমৎকার ব্যক্তিত্বের একজন মানুষ তার নিরলস পরিশ্রমের মাধ্যমে সহিংসতা বন্ধ করে শান্তির বার্তা পৌঁছে দেন। এরপর বলা হচ্ছে, 'দালাই লামা বলেন, আমাদের জীবনের উদ্দেশ্য হলো অন্যকে সাহায্য করা'। তিনি আরো বলেছেন, 'আপনি যদি কাউকে সাহায্য করতে না পারেন, At least কারো ক্ষতি করবেন না'। Passage টির শেষে এসে বলা হচ্ছে যে, সফল নেতৃত্বের মূলমন্ত্র হলো 'প্রভাব' কিন্তু 'কর্তৃত্বপরায়ণ' নয়। আসুন এবার প্রশ্নের সমাধানে চলে যাইঃ

a) The world is getting affected by violence. This increasing level of violence across the globe made the world so risky.

b) Casting influence among people is the key role of Dalai Lama.

c) 'If possible, help others and don't hurt anyone' is the prime purpose of Dalai Lama.

d) Pervasive war and conflict can be demolished through arduous effort. A fantastic leadership can spread the air of peace by influencing people.

***02.* Solve the following problems (i - v)**

***Profit & Loss***

**a) A shirt is sold for Tk. 500 and hence lost some amount. Had the shirt been sold for Tk. 700, The merchant would have gained three times the former loss. What is the cost price of the shirt?**

***S:*** প্রশ্নে বলা হচ্ছে যে, 500 টাকায় একটি শার্ট বিক্রি করে কিছু ক্ষতি হলো। শার্টটি 700 টাকায় বিক্রি করা হলে যা ক্ষতি হয়েছিল তার তিনগুণ লাভ হতো। শার্টটির ক্রয়মূল্য কত?

Let, the cost of the shirt is Tk. $x$



Test Magic Publication

www.exambd.net

According to question

$3(x - 500) = 700 - x$

$\Rightarrow 3x - 1,500 = 700 - x$

$\Rightarrow 4x = 2,200$

$\therefore x = \frac{2200}{4} = 550$

$\therefore$ The cost price of the shirt is 550 Tk.

***Percentage***

**b) In an examination, a student gets 38% of the total marks and fails by 6 marks. Another student who gets 45% of the total marks, gets 15 marks more than the required passing percentage. Find the passing percentage in the examination.**

*S:* প্রশ্নে বলা হচ্ছে যে, একটি পরীক্ষায় 38% নম্বর পেয়ে একজন ছাত্র 6 নম্বর কম পেয়ে ফেল করলো। অন্য একজন ছাত্র 45% নম্বর পেল যা পাস নম্বরের চেয়ে 15 নম্বর বেশি। পাশ নম্বর কত?

Let, pass mark is $x$

According to question,

38% of $x + 6$ = 45% of $x - 15$

$\Rightarrow \frac{38x}{100} + 6 = \frac{45x}{100} - 15$

$\Rightarrow \frac{45x}{100} - \frac{38x}{100} = 6 + 15$

$\Rightarrow \frac{45x - 38x}{100} = 21$

$\Rightarrow \frac{7x}{100} = 21$

$\Rightarrow \frac{x}{100} = 3$

$\therefore x = 300$

$\therefore$ Pass mark = 38% of 300 + 6 = $\frac{38}{100} \times 300 + 6$ = 114 + 6 = 120

***Ratio***

**c) Tk. 430 is divided among A, B and C in such a way that if A gets Tk. 2, B gets Tk. 3 and If B gets Tk. 5, C gets Tk. 6. What is the amount of money B will receive?**

*S:* প্রশ্নে বলা হচ্ছে যে, 430 টাকা A, B এবং C এর মধ্যে এমনভাবে ভাগ করে দাও যেন A যদি 2 টাকা পায়, B পায় 3 টাকা এবং B যদি 5 টাকা পায়, C পায় 6 টাকা। B কত টাকা পাবে?

Given, A : B = 2 : 3 = 10 : 15

B : C = 5 : 6 = 15 : 18

$\therefore$ A : B : C = 10 : 15 : 18

$\therefore$ B's share = $430 \times \frac{15}{10 + 15 + 18} = 430 \times \frac{15}{43} =$ 150 Tk.

***AGE***

**d) The sum of the present ages of A and B is 60 years. 5 years later, their ages will be in the ratio of 3 : 4. Calculate A's present age.**

*S:* প্রশ্নে বলা হচ্ছে যে, A এবং B এর মোট বয়স 60 বছর। 5 বছর পর তাদের বয়সের অনুপাত হবে 3 : 4. এখন A এর বর্তমান বয়স কত?

Let, A's age be = $x$ years

$\therefore$ B's age be = $(60 - x)$ years

According to question

$\frac{x + 5}{60 - x + 5} = \frac{3}{4}$

$\Rightarrow \frac{x + 5}{65 - x} = \frac{3}{4}$

$\Rightarrow 4x + 20 = 195 - 3x$

$\Rightarrow 7x = 195 - 20 = 175$

$\therefore x = \frac{175}{7} = 25$

$\therefore$ A's present age is 25 years.

***পরিমিতি***

**e) The length of the rectangle ABCD is $\frac{6}{5}$th of its breadth. Its perimeter is 132. Find the area of the rectangle.**

*S:* প্রশ্নে বলা হচ্ছে যে, ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $\frac{6}{5}$ অংশ। ক্ষেত্রটির পরিসীমা 132 হলে ক্ষেত্রফল কত?

ধরি, ABCD আয়তক্ষেত্রের প্রস্থ = $w$

তাহলে ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = $\frac{6}{5}$ of $w = \frac{6w}{5}$

$\therefore$ আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) = $2\left(\frac{6w}{5} + w\right) = 2\left(\frac{6w + 5w}{5}\right) = \frac{22w}{5}$

প্রশ্নমতে, $\frac{22w}{5} = 132$

$\Rightarrow 22w = 660$

$\therefore w = \frac{660}{22} = 30$

Test Magic Publication

$\therefore$ দৈর্ঘ্য $= \frac{6w}{5} = \frac{6 \times 30}{5} = 36$

$\therefore$ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = 36 × 30 = 1080 বর্গমিটার।

***03.*** **Answer the following questions: (i - xv)**

a) **Name two European countries that are not the members of NATO.** → Austria, Cyprus, Ireland, Malta are not a part of NATO.

b) **Who is the director of the film "Muktir Gaan"?** → Tareque Masud and his wife Katherine Masud is the director of the film "Muktir Gaan".

c) **Which is the oldest Grand Slam Tennis Tournament of the world?** → Wimbledon are the oldest tournament of the world which was Founded in 1877.

d) **What is the original name of the writer Shaukat Osman?** → original name of the writer Shaukat Osman is Sheikh Azizur Rahman.

e) **Which is considered as banker to the government of Bangladesh?** → Bangladesh Bank is considered as banker to the government of Bangladesh.

f) **Who is the Prime Minister of UK?** → Rishi Sunak. Since 25 October 2022.

g) **What was the year when Bangabandhu placed the Six Points?** → In 1966 Bangabandhu placed the Six Points

h) **In which date the 'International Human Right Day' is observed?** → 10th December.

i) **Name the Specialized Bank established with the goal of supporting manpower exports and remitters in Bangladesh.** → Probashi Kallyan Bank.

j) **Write full forms of 'NFIS' and 'BFIU' in the context of Bangladesh.** → NFIS = National Financial Inclusion Strategies. BFIU = Bangladesh Financial Intelligence Unit.

k) **How many female freedom fighters have been honored with "Bir Protik"?** → Taramon Bibi and Captain Sitara Begum the two Bangladeshi female honored with 'Bir Protik'.

l) **Mention the name of three basic colors.** → Red, Green and blue are the basic colors.

m) **In which year the World Bank and IMF were founded?** → In 1944 World Bank and IMF were founded.

n) **Name the country from where Bangladesh's import is maximum.** → Top import partner of Bangladesh is China.

o) **In which year the National Poet of the country was born?** → In the year 1899 Bangladesh national poet Kazi Nazrul Islam was born.

***04.*** **Translation (Bangla to English)**

তথ্যপ্রযুক্তিভিত্তিক লেনদেন সময়ের সাথে সাথে জনপ্রিয় হয়েছে। তবে সাধারণ মানুষ যথেষ্ট প্রযুক্তিবান্ধব না হওয়ায় প্রাথমিক পর্যায়ে অসুবিধা হয়েছে। প্রযুক্তির সঙ্গে পরিচিত হতে বাধ্য হয়েছি আমরা। এ পরিবর্তনের সুফল পেতে শুরু করেছে দেশের ব্যাংকগুলো। ব্যাপকহারে তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা গেলে ব্যাংক ব্যবসা ভাল হবে। তবে তার জন্য দরকার দক্ষ জনবল। আর এজন্য প্রয়োজন সঠিক নেতৃত্ব। তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা না গেলে বিশ্বায়ন প্রক্রিয়ায় টিকে থাকা কঠিন হবে। তথ্যপ্রযুক্তিভিত্তিক ব্যাংক দেশে নতুন সম্ভাবনা তৈরি করতে পারে। এর সুবিধা পেতে পারে দেশের সাধারণ মানুষ।

***S:*** Information technology based transactions have become popular over time. However, as common people are not tech-friendly enough, there have been difficulties in the initial stages. We are forced to get acquainted with the technology. Banks of the country have started receiving all these changes. Banking business will be better if the use of

Test Magic Publication

information technology is ensured at a large rate. But it needs skilled manpower. And that requires efficient leadership. If the use of information technology is not ensured, it will be difficult to survive the globalization process. Information technology based banks can generate new opportunities in the country. The common people of the country can reap out of its benefits.

***05.*** **Focus Writing in Bangla:** পরিবেশ রক্ষায় উন্নত দেশসমূহের করণীয়

***S:*** প্রকৃতি ও পরিবেশ আজ সংকটের মুখোমুখি। এ সংকট বিশেষ কোনো গোষ্ঠী, দেশ বা জাতির নয়; সমগ্র মানবজাতির। প্রাকৃতিক ও মানবসৃষ্ট বিভিন্ন কর্মকাণ্ডের ফলে বিপন্ন পরিবেশ। মানুষের বসবাস উপযোগী বিশ্ব গড়ার লক্ষ্যে প্রয়োজন দূষণমুক্ত পরিবেশ। তাই বিশ্বব্যাপী পরিবেশ দূষণ রোধ ও পরিবেশ সংরক্ষণে কার্যকর ভূমিকা গ্রহণ ও সচেতনতা বৃদ্ধি করা জরুরি। প্রকৃতি ও পরিবেশ দূষণ নিয়ে গভীর উদ্বেগ রয়েছে বিশ্বব্যাপী। এরই ধারাবাহিকতায় ১৯৬৮ সালের ২০ মে জাতিসংঘের অর্থনীতি ও সামাজিক পরিষদের কাছে একটি চিঠি পাঠায় সুইডেন সরকার। সে বছরই জাতিসংঘের পক্ষ থেকে পরিবেশ রক্ষার বিষয়টি সাধারণ অধিবেশনের আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়। পরের বছর জাতিসংঘের পক্ষ থেকে পরিবেশ রক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা এবং সমাধানের উপায় খুঁজতে সদস্য রাষ্ট্রগুলোর সম্মতিতে সুইডেনের রাজধানী স্টকহোমে ১৯৭২ সালের ৫ জুন থেকে ১৬ জুন, জাতিসংঘ মানব পরিবেশ সম্মেলন (United Nations Conference on the Human Environment) অনুষ্ঠিত হয়।

পরিবেশ সংরক্ষণকে অধিকতর গুরুত্ব প্রদানপূর্বক বাংলাদেশের সংবিধানে পরিবেশ বিষয়ে একটি পৃথক অনুচ্ছেদ সংযোজন করে সুস্থ পরিবেশকে মানুষের সাংবিধানিক অধিকার হিসেবে স্বীকৃতি প্রদান করেছে। এছাড়া, বিশ্ব উষ্ণায়নজনিত জলবায়ু পরিবর্তনের বিরূপ অভিঘাতের সাথে খাপ খাওয়ানো বা অভিযোজন এবং প্রশমন বা কার্বন নিঃসরণ হ্রাস– এ দুই খাতেই বাংলাদেশ সরকার বিভিন্ন পর্যায়ে নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সম্প্রতি সরকার জীববৈচিত্র্য সংরক্ষণ ও টেকসই আহরণের লক্ষ্যে বাংলাদেশ জীববৈচিত্র্য আইন ২০১৭ জারি করেছে। সরকার দেশের জীববৈচিত্র্য সমৃদ্ধ কিছু এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও টেকসই ব্যবস্থাপনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে ৩৮টি বনসম্পদ ও জীববৈচিত্র্য সমৃদ্ধ এলাকাকে 'সংরক্ষিত এলাকা' বলে ঘোষণা করা হয়েছে।

২০২১ সালের নভেম্বরে স্কটল্যান্ডের গ্লাসগো শহরে অনুষ্ঠিত হয় কপ-২৬, যা এই দশকের বৃহত্তম আন্তর্জাতিক শীর্ষ জলবায়ু সম্মেলন। যেখানে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সমন্বিত পদক্ষেপ গ্রহণের জন্য রয়েছে রাষ্ট্রপ্রধান, জলবায়ু বিশেষজ্ঞ, উদ্যোক্তাসহ প্রায় ৩০ হাজার মানুষের সমাবেশ। এই শীর্ষ সম্মেলনে বাংলাদেশেরও রয়েছে আন্তর্জাতিকভাবে জোরালো পদক্ষেপ। এটি অত্যন্ত আনন্দের যে, ৪৮টি দেশ নিয়ে গঠিত জলবায়ু বিষয়ক উচ্চপর্যায়ের আন্তর্জাতিক ফোরাম সিভিএফ'র (ক্লাইমেট ভালনারেবল ফোরাম) সভাপতির দায়িত্ব পালন করছে বাংলাদেশ। এই দেশগুলো যারা বিশ্বের ১ শতাংশের মতো গ্রিন হাউস গ্যাস নিঃসরণের জন্য দায়ী অথচ নিঃসরণজনিত কারণে সৃষ্ট জলবায়ু সংকটের শিকার।

প্রাকৃতিক পরিবেশ রক্ষার ব্যাপারে সরকার ও রাষ্ট্রের দায়িত্ব অপেক্ষাকৃত বেশি। নদ-নদী, খাল-বিল, হাওড়-বাওড় ও মাঠঘাট সংস্কার করা ও পরিচ্ছন্ন রাখা, জলাবদ্ধতা দূরীকরণ, বনাঞ্চল রক্ষা, নতুন নতুন বনভূমি গড়ে তোলা, রাজপথ, রেলপথ ও নদীপথকে পরিচ্ছন্ন ও সুগম করার মাধ্যমে সরকার প্রাকৃতিক পরিবেশ রক্ষা করতে পারে। পরিবেশ সংরক্ষণ ও মনোরম পরিবেশ সৃষ্টির জন্য সরকার পরিকল্পনা মাফিক ঘরবাড়ি, আবাসিক এলাকা, কলকারখানা, হাট বাজার ও রাস্তাঘাট তৈরি করে প্রাকৃতিক পরিবেশ রক্ষা করতে পারে। তাছাড়া পরিকল্পিতভাবে উদ্যান, পার্ক, স্নানাগার, পান্থশালা, হোটেল, পর্যটন কেন্দ্র ইত্যাদি তৈরি করে মনোরম প্রাকৃতিক পরিবেশ সৃষ্টি করতে পারে। রাসায়নিক কারখানা ও শিল্পকারখানা হতে নির্গত ময়লা ও বর্জ্য পদার্থ, যানবাহনের কালো ধোঁয়া এবং যত্রতত্র ময়লা, আবর্জনা ও মলমূত্র ত্যাগের ফলে যাতে প্রাকৃতিক পরিবেশ দূষিত না হয় সে ব্যাপারেও রাষ্ট্র ও সরকারকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

পৃথিবীর প্রত্যেকটি রাষ্ট্রই আন্তর্জাতিক সমাজের সদস্য। এ হিসেবে প্রত্যেক নাগরিকই আন্তর্জাতিক সমাজের সদস্য। সুতরাং সকল মানুষের কল্যাণের জন্য আন্তর্জাতিক সমাজ ও সংস্থাগুলিকে পৃথিবীর প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য এবং বিপর্যয় রোধের জন্য ভূমিকা পালন করতে হবে। কোন রাষ্ট্র যেন আন্তর্জাতিক পর্যায়ে বিরূপ অবস্থা সৃষ্টি করে জীবনের উপর হুমকি সৃষ্টি করতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। উদাহরণ হিসেবে বলা যায়- আমাদের প্রতিবেশী রাষ্ট্র ভারত গঙ্গা নদীর উজানে বাঁধ দেওয়ায় নদ-নদীর পানি কমে গিয়ে বাংলাদেশ মরুভূমিতে পরিণত হতে চলেছে, চাষ-বাসের জন্য প্রয়োজনীয় পানির অভাব হচ্ছে, লবণাক্ততা বাড়ছে এবং বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। আন্তর্জাতিক সমাজের এদিকে নজর দেওয়া উচিত।

Test Magic Publication

জলে, স্থলে ও অন্তরীক্ষে আণবিক বোমার পরীক্ষামূলক বিস্ফোরণ, সমুদ্র বক্ষে লাখ লাখ টন বর্জ্য পদার্থ নিক্ষেপ, বিষাক্ত গ্যাস দুর্ঘটনা, যুদ্ধ ও বোমা বর্ষণের ফলে বিশ্ব আজ বসবাসের অনুপযোগী হয়ে পড়ছে। সুতরাং আন্তর্জাতিক নদ-নদী পাহাড়-পর্বত, সাগর-মহাসাগর, বনভূমি, স্থলপথ, জলপথ ও আকাশপথের প্রাকৃতিক পরিবেশ রক্ষার জন্য আন্তর্জাতিক সমাজকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। আন্তর্জাতিক সমাজের তদারকিতে সকল প্রকার আণবিক মারণাস্ত্র ধ্বংস করতে হবে এবং এসবের পরীক্ষা-নিরীক্ষা বন্ধ করতে হবে। যুদ্ধের পরিবর্তে শান্তি স্থাপন করতে হবে। তবেই পৃথিবী বাসযোগ্য হয়ে উঠবে।

প্রাকৃতিক পরিবেশ প্রকৃতির দান হলেও মানুষ ও রাষ্ট্র তার প্রতিকূল পরিবর্তন আনয়ন করে রাষ্ট্রীয় ও ব্যক্তি জীবনে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। গাছ-পালা কেটে ফেলা হচ্ছে, বন-বাদাড় উজাড় করা হচ্ছে। নদীর গতিপথ পরিবর্তন করা হচ্ছে। নদী ও সমুদ্রে লাখ লাখ টন বর্জ্য ফেলা হচ্ছে, আণবিক বোমার বিস্ফোরণ ঘটানো হচ্ছে। যুদ্ধে আণবিক বোমা ও অন্যান্য মারণাস্ত্রের ব্যবহার হচ্ছে। ফলে ব্যক্তি ও রাষ্ট্রীয় জীবনে ভারসাম্যহীন পরিবেশের কুফল সৃষ্টি হচ্ছে। শব্দ দূষণ, পানি দূষণ, বায়ু দূষণ প্রভৃতির আশঙ্কা দেখা দিচ্ছে। তাই এই ক্ষতিকর দিক থেকে পরিত্রাণের জন্য ব্যক্তি, রাষ্ট্র ও আন্তর্জাতিক পরিমণ্ডলে সকলকে সজাগ ও সচেতন ভূমিকা পালন করে পরিবেশের ভারসাম্য রক্ষা করতে হবে।

***06.*** **Focus Writing in English:** Bangladesh's Journey of Inclusive Development

***S:*** Fifty years ago, inheriting a fragile and war-devastated economy, Bangladesh faced a herculean task of moving forward dealing with poverty, deprivation, natural disasters, and political instability. Fast forward five decades, Bangladesh is now often cited as a development success story for its phenomenal socio-economic progress. Robust economic growth, investment in female health and education, impressive health and educational attainment, strong export and remittance growth, prudent macroeconomic management, improved capacity to manage natural disasters, among others, contributed to the country's remarkable development. Even amid the Covid-19 global pandemic, Bangladesh has remained relatively resilient, posting a rather solid growth of 3.6 per cent at a time (in 2019-20) when most global economies experienced an economic decline.

Despite its impressive achievements on many fronts, numerous challenges and vulnerabilities remain. The Covid-19 global pandemic has exacerbated some of the longstanding challenges. As the nation celebrates its golden jubilee of independence and aspires to achieve higher development milestones, it is imperative to reflect on tackling the major factors that confront the country's attaining its inclusive growth and development objectives.

Despite its impressive achievements on many fronts, numerous challenges and vulnerabilities remain. The Covid-19 global pandemic has exacerbated some of the longstanding challenges. As the nation celebrates its golden jubilee of independence and aspires to achieve higher development milestones, it is imperative to reflect on tackling the major factors that confront the country's attaining its inclusive growth and development objectives.

Per-capita income jumped to $2,554 in FY21 which was only $129 in 1972-73 fiscal year with the poverty rate falling from 88 per cent to around 20 percent in 50 years.

Bangladesh's GDP growth reached its peak at 8.15 percent in 2019 from a negative growth of 5.48 percent in 1971. Even amid the pandemic, the country posted an impressive 5.43 percent growth for FY21.

On average, GDP growth rose from about 3 percent in the 1970s to 7 percent in the 2010s, supported by a demographic dividend, strong ready-made garment (RMG) exports, and stable macroeconomic conditions.

Starting from a war-ravaged agriculture-dependent economy, Bangladesh has apparel, jute goods, leather goods, medicine and ICT in its export basket to be able to earn nearly $40 billion from exports, which was only $383 million in 1973. Since 2009, the country witnessed an economic turnaround guided by prudent macro-economic and fiscal management.

Test Magic Publication

The growth has been inclusive accompanying major socio-economic and human indices. 50 years into the journey, Bangladesh now is considered a role model for other developing countries and is set to become the 25th largest economy in the world by 2035.

After assuming power, the present government attached special importance to removing infrastructural bottlenecks and setting the country on the high-growth track.

Large infrastructure projects like Padma multi-purpose bridge, Metrorail, Rooppur nuclear power plant, Bangabandhu tunnel, Padma rail link, Bangabandhu rail bridge over the Jamuna, a number of large coal power plants, deep seaport, four-lane highways and new rail lines are going the change the overall picture of the country.

With the intensified efforts for power generation, a major economic driver, the country has already ensured nearly cent percent electricity coverage as it power generation capacity has risen to 25,235MW now.

Besides, the government also gave priority to socioeconomic development and expansion of the social safety net to safeguard the poor. For Bangladesh, both public and private investments have been instrumental to stimulate economic growth.

The Investment-GDP ratio soared to 32.21 percent in FY 2018-19, but after the covid onset it modestly declined to 30.76 percent last fiscal.

Private investment rose to 25.25 percent in FY19 although it declined to 23.80 percent last fiscal, whereas public investment stood at 6.96 percent which hit 7.29 percent in FY17 and FY20.

In order to increase domestic and foreign investment, the government of Bangladesh has formulated investment-friendly policies, acts and laws apart from PPP initiatives and setting up of 100 economic zones.

In 1972, total food-grain production was 9.9 million tonnes and in 2020 total food-grain production reached 45.4 million tonnes. Bangladesh is the fourth largest rice and third-largest freshwater fish producing country in the world.

In terms of human development, one major success has been the achievement of the goal of universal enrolment at the primary level. A significant decrease in the school dropout rate of 18 per cent currently is another milestone.

Gender parity was achieved at primary and secondary education ahead of the Millennium Development Goal (MDG) Targets. The country's literacy rate has risen to 75.6 percent in 2020 from 26.8 percent in 1974.

Bangladesh health sector has gone through a silent revolution in the last five decades. Substantiated with policy interventions, Bangladesh has successfully halved infant mortality and cut maternal mortality rate by 75 percent.

Moreover, the total fertility rate has been brought down to 2.04 in 2020 from about 7 in the 1970s. Bangladesh has been applauded as an example of 'good health at low cost' in 2011.

The vibrant presence of both public and private healthcare interventions, along with NGO interventions, catalyzed the transformation.

In the founding year of Bangladesh, the life expectancy was 46.6 years, which has risen to 72.8 years now. Meanwhile, access to drinking water rose to 98.3 percent, while sanitary latrine facilities rising to 81.5 percent.

The maternal mortality rate has declined by 75% over the five decades. The maternal mortality ratio was 600 per 100,000 live births in 1975 and 574 in 1990. In 2017, the MMR for Bangladesh was 173 per 100,000 live births.

Bangladesh has been successful in terms of bringing down the infant mortality ratio drastically. In 1973, the infant mortality ratio was 167 per 1000 live birth and in 2020, the ratio brought down to 21 per thousand live births.

Gender parity in Bangladesh has improved across all sectors due to greater participation of women in socio-economic and political activities.

Test Magic Publication

# Combined 7 Banks

**Recruitment Test for Officer (Cash) – 2023**

Examination Held On: 02.06.2023

***01.*** **'কিশলয়' শব্দের অর্থ কি?**

a) গাছের নতুন পাতা b) নবচিন্তা

c) বিধান কর্তা d) বিদ্যাশিক্ষার স্থান ***ans.* A**

***S:*** 'কিশলয়' অর্থ গাছের নুতন পাতা, কচি পাতা।

***02.*** **'পানসি' কোন বিদেশি ভাষা থেকে বাংলা ভাষাতে অন্তর্ভুক্ত হয়েছে?**

a) ইংরেজি b) ফরাসী

c) তুর্কি d) ফার্সী ***ans.* B**

***S:*** কিছু ফরাসী শব্দঃ পানসি, রেনেসাঁস, আঁতাঁত, ক্যাফে, ওলন্দাজ, বুর্জোয়া।

***03.*** **নিচের কোনটি তৎপুরুষ সমাস এর উদাহরণ?**

a) সুমুখী b) জীবনানন্দ

c) দুর্ভিক্ষ d) ত্রিভুবন ***ans.* B**

***S:*** জীবনানন্দ = জীবন ব্যাপিয়া আনন্দ (দ্বিতীয়া তৎপুরুষ সমাস)। এরূপঃ চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী; চিরদুঃখী = চিরকাল ব্যাপিয়া দুঃখী।

***04.*** **'এ যুদ্ধে বাঁধা দিও না' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্তৃ কারকে ৭মী b) করণে ৭মী

c) অধিকরণে ৭মী d) অপাদানে ৭মী ***ans.* C**

***S:*** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে সপ্তমী অর্থাৎ 'এ', 'য়', 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়।

***05.*** **'বিসর্জন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) আবাহন b) বিসরন

c) আবির্ভাব d) বিমর্শন ***ans.* A**

***S:*** 'বিসর্জন' শব্দের বিপরীত 'আবাহন'।

| মূল শব্দ | আরোহণ | মিলন |
|---|---|---|
| বিপরীত শব্দ | অবতরণ | বিরহ |

***06.*** **চর্যাপদের কোন পদটি অর্ধাকারে/অর্ধেক অংশে পাওয়া যায়?**

a) ১৮ নং পদ b) ১৬ নং পদ

c) ২৩ নং পদ d) ১০ নং পদ ***ans.* C**

***S:*** চর্যাপদের ২৩ পদটি খণ্ডিত আকারে পাওয়া যায়। চর্যাপদের পদ সংখ্যা নিয়ে মতভেদ আছে। গ্রন্থের কয়েকটি পাতা নষ্ট হয়ে যাওয়াতে পদ পাওয়া গেছে সাড়ে ছেচল্লিশটি (৪৬.৬)। ভুসুকুপার ২৩ নং পদের ১০ লাইনের মধ্যে প্রথম ৬ লাইন পাওয়া গেছে এবং কাহ্ন পার ২৪ নং, তন্ত্রী পার ২৫ নং, কুক্কুরী পার ৪৮ নং পদ পাওয়া যায় নি।

***07.*** **নিচের কোনটি মৈমনসিংহ গীতিকা?**

a) নদের চাঁদ b) আলাদ

c) মদিনা d) মলুয়া ***ans.* D**

***S:*** মৈমনসিংহ গীতিকায় অন্তর্ভুক্ত পালা এবং রচয়িতাঃ

| পালাসমূহ | রচয়িতা | পালাসমূহ | রচয়িতা |
|---|---|---|---|
| মলুয়া | চন্দ্রাবতী (অনুমান) | মহুয়া | দ্বিজ কানাই |
| রামায়ণ | চন্দ্রাবতী | কমলা | দ্বিজ ঈশান |
| দস্যু কেনারাম | চন্দ্রাবতী | বিদ্যাসুন্দর | কবি কঙ্ক |
| দেওয়ানা মাদিনা | মনসুর বয়াতি | চন্দ্রাবতী ও জয়চন্দ্র | নয়ানচাঁদ ঘোষ |
| রূপবতী, কাজল রেখা, দেওয়ান ভাবনা | অজ্ঞাত | কঙ্ক ও লীলা | দমোদর, রঘুসুত, নয়ানচাঁদ ঘোষ, শ্রীনাথ বেনিয়া |

***08.*** **নিচের কোনটি রূপকথাভিত্তিক সাহিত্য রচনা?**

a) টোনাটুনির বই b) কিশোরের মন

c) বান দিদি d) উপরের সবকটি ***ans.* A**

***S:*** 'টোনাটুনির বই' হলো রূপকথাভিত্তিক সাহিত্য রচনা যা রচনা করেন উপেন্দ্রকিশোর রায় চৌধুরী। উল্লেখ্য, রূপকথাভিত্তিক সাহিত্যগুলো হলোঃ

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| টোনাটুনির বই | উপেন্দ্রকিশোর রায় চৌধুরী |
| কিশোরদের মন | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ঠান দিদির থলে | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ঠাকুরমার ঝুলি | দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার |
| ক্ষীরের পুতুল | অবনীন্দ্রনাথ বসু |

'কিশোরের মন ও বান দিদি' নামের বই দুটি রূপকথাভিত্তিক সাহিত্য নয়।

***09.*** **'অবক্ষয়' যুগের কবি কে?**

a) শাহ মুহম্মদ সগীর b) ঈশ্বরচন্দ্র গুপ্ত

c) রামনিধি গুপ্ত d) সৈয়দ হামজা ***ans.* B**

***S:*** ঈশ্বরচন্দ্র গুপ্ত হলেন 'যুগসন্ধি'র কবি। ১৭৬০ সালে ভারতচন্দ্র রায়গুণাকরের মৃত্যুর পরই মধ্যযুগের শেষ। ১৭৬০ থেকে ১৮৬০ এই ১০০ বছর বাংলা কাব্যের ক্ষেত্রে উৎকর্ষ পূর্ণ কোন নিদর্শন পাওয়া যায়নি বলে এই সময়কে **"অবক্ষয় যুগ"** বা **"যুগসন্ধিক্ষণ"** বলে।

***10.*** **বাংলা ভাষায় মুদ্রিত প্রথম গদ্যগ্রন্থ কোনটি?**

a) সেক শুভোদয়া b) কৃপার শাস্ত্রের অর্থভেদ

c) মিলন সমাচার d) মঙ্গল সমাচার ***ans.* Note**

***S:*** ১৮০০ সালে শ্রীরামপুর মিশন প্রেস থেকে মুদ্রিত হয় 'মিশন সমাচার'।

***11.*** **'রাইচরণ' কোন নাটকের চরিত্র?**

